নাৰীভেৰ প্ৰভি

13271.935.2

——•O¬——

কিংস্-হাসপাতালের ভৃতপূর্ক রেসিডেন্ট মেডিক্রাক্ষ্ণ স্থপারিন্টেণ্ডেন্ট, ঢাক। জেলার ভৃতপূর্ক ও ফরিদপুর জেলার বর্ত্তমান স্বাস্থ্য কর্মচারী, ডাঃ শ্রীঅভয়কুমার সরকার এম,বি; ডি,পি,এইচ্ প্রণীত।

--এজেন্ট--

দি ক্যালকাটা পাবলিশাস

১৯৯এ, কর্ণওয়ালিশ খ্রীট, কলিকাতা

No. 1255. Unio 16.7.37

মূল্য ৸৽ আনা

প্রকাশক---সরকার এণ্ড সকা

কলেজ রোড, ফরিদপুর।

Out of Print

প্রাপ্তিম্বান:-

- ঠ। ক্যালকাটা পাবলিশাস ১৯৯এ, কর্ণওয়ালিশ ষ্ট্রাট, কলিকাতা।
- ২। দাস গুপ্ত এণ্ড সন্তে নং কলেজ খ্রীট্, কলিকাতা।
- ৩। নিউ প্রেসিডেন্সি বুক ডিপো ৬৪ নং কলেজ খ্রীট্, কলিকাতা।
- ৪। প্রেসিডেন্সি লাইব্রেরী, ঢাকা।
- ৫। সরকার এণ্ড সল রাড, ফরিদপুর।

মুদ্রাকর—শ্রীশৈলেজনাথ গুহ রায়, বি-এ শ্রীসরস্বতী প্রেস লিঃ ১, রমানাথ মজুমদার খ্রীট, ক্রিকাতা।

উৎসূর্গ পত্র

পরম পিতার কুপায়

যাহার সান্ধিধ্য—

জীবনব্যাপী নারী চরিত্রের

্বৈশিষ্ট্যাবলোকন করিয়া

মাতৃজাতির সেবা কল্পে

এই পুস্তক রচনা করা সম্ভব হইল,

তাঁহার করকমলে এই পুস্তিকা

প্ৰীতিপূৰ্ণ হাদয়ে

অপিত হইল।

গ্রন্থকার।



ভিপহার

এই পুস্তক

ক

গ্রীতি-উপহার স্বরূপ প্রদত্ত হইল



নিবেদন

প্রায় ২০ বংসর কাল সমাজসেবার কার্য্যে লিপ্ত থাকিয়া এইটুকু বুঝিয়াছি যে সমাজের নিয়ন্ত্রি নারীজাতির শিক্ষা-দীক্ষার উপর দেশের সর্ব্বপ্রকার কল্যাণ নির্ভর করে। কিন্তু বর্ত্তমান প্রগতির দিনে তাহাদিগকে সম্যকভাবে পরিচালিত করিয়া আর্য্যবংশীয়দের আদর্শ রক্ষার তেমন কোন ব্যবস্থাই দেখা যাইতেছে না। সম্প্রতি পাবনা সৎসজ্যের প্রতিষ্ঠাতা শ্রীশ্রীঠাকুর অনুকূল চন্দ্রের কৃপায় প্রচারিত "নারীর নীতি", "নারীর পথে" নামক পুস্তকে যে সকল বিষয় আলোচিত হইয়াছে, তাহাতে এই সকল বিষয়ের কতকটা নির্দ্দেশ পাওয়া যায়। তথাকার প্রচারিত "সৎ-সঙ্গী" এবং "বিবৰ্দ্ধন" নামক সাপ্তাহিক পত্রিকায় বর্ত্তমানে এই বিষয়ে বিশদ আলোচনা হইতেছে দেখিয়া আনন্দিত হইয়াছি। মৎ প্রণীত "নারীজীবন ও প্রস্থৃতি পরিচর্য্যা" নামক পুস্তক

পাঠে শ্রীশ্রীঠাকুর নারী-ফ্লাতির কল্যাণ কামনায়
পুস্তক লিখিবার জন্য আদেশ করায় আজ
'নারীদ্বের প্রতিষ্ঠা' প্রকাশ করা সম্ভব হই ।
বাঙ্গলা দেশের কুমারীগণ যদি এই পুস্তক পাঠে
ভাহাদের চরিত্র গঠনে একটুকুও সাহাষ্য লাভ
করেন, ভবেই এই শ্রম সার্থক জ্ঞান করিব।

এই পুস্তকের বিষয় সূচী বহুল হইলেও কলেবর বৃদ্ধির ভয়ে অতি সংক্ষেপে আলোচনা করিতে বাধ্য হইয়াছি। যথাসম্ভব সরল ভাষায় প্রকাশ করার চেষ্টা সম্বেও কোন কোন স্থলে ভতটা সরল করা সম্ভব হয় নাই। অভএব যদি কোন বিষয় তুর্বোধ্য বিবেচনা হয়, তবে সম্পাদক, মনোসমীক্ষণ সমিতি, ফরিদপুর এই ঠিকানায় পত দ্বারা জানাইলে তাহার যথায়থ উত্তর দেওয়া হইবে। কভিপয় অবশ্য জাতব্য বিষয় আজ-কালকার দিনে প্রত্যেক নারীর স্থানিবার বাসন থাকিলেও পুস্তকে ভাহা প্রকাশ করা সমীচিন বোধ করিলাম না। এজন্য এবারে "নারী-জীবন'

নামে পৃথক পুস্তকে তাহা প্রকাশিত হইতেছে

প্রস্থাক সাধারণের নিকট বিক্রয় করা উদ্দেশী

ময়, তবে বয়স্থা মহিলা, ধাত্রী, বা সমাজ
কলা শকামীপণ এই পুস্তকের প্রকাশক সরকার

এশু সন্স, কলেজ রোড, ফরিদপুর—এই ঠিকানায়
পত্র লিখিলেই ঐ পুস্তক প্রাপ্ত হইতে পারিবেন।
এই পুস্তকে জন্ম-শাসন পদ্ধতি সবিস্তারে
আলোচিত হইয়াছে এবং প্রত্যেকের অবস্থামত
ব্যবস্থার জন্ম যাহাতে স্টিকিৎসকের শরণাপন্ন
হইন্না উপকৃত হন তাহার ব্যবস্থাও করা হইয়াছে।

সমাজ কল্যাণকামী প্রত্যেক নরনারী নারীত্বের প্রতিষ্ঠা' তাহাদের সরলমতি বালিকার বয়ঃপ্রাপ্ত অবস্থায় যথানিয়মে পাঠ করিবার ব্যবস্থা করিলে ঐ বালিকার নিজের, পরিবারের ও প্রতিবাসীর তথা নারীসকলের কুশল করা সম্ভব হইবে— এই আশায় উদ্দীপিত হইয়াই এই পুস্তক প্রকাশ করিয়াছি। এখন দেশবাসী আবালবুদ্ধের দৃষ্টি আকর্ষিত হইলেই গ্রন্থকার নিজে ধন্য মনে করিবেন। ইতি—

শ্রীপঞ্চমী

निद्यप्रक---

প্রস্থার

\$8150182



সূচীপত্ৰ

	বিষয়		পৃষ্ঠা
	নারী জীবনের বিশেষত্ব	•••	` \ ~9
२ ।	মাভূত্বের বিকাশ ও ব্যায়াম	অভ্যাস	৮-১ <i>৩</i>
्रा	বিবাহে বহন		১৫-২০
1 8	বিবাহে বয়স নিৰ্গয়	***	२०-३8
¢ 1	11. (1. (21.1) 140-14 (1.4.4)	•••	\8- ২ ৫
91	বিবাহের দায়িত্ব	•••	२৫-२१
9 1	गर्भारत करा १७) जुल्हा	***	২৮-২৯
61	নারীর স্বার্থকতা বধুত্বে	***	৩০-৩১
ا و	নারীতে লক্ষীর আবিভাব	•••	৩১-৩২
> 1	নারীর স্বামীর প্রতি কর্ত্ব্য	•••	৩২-৩৩
22.1	বিবাহ বংশ রক্ষার মূল	* * *	৩৪
751	বিবাহে পাত্র পাত্রী নির্কাচন	***	৩৫-৩৮
100	বিবাহে সয়ম্বর প্রথা	•••	৩৮-৪২
78 1	নারীর বিবাহে বরণাধিকার		80
74	নারীর বরণাদর্শ		88
१७ ।	বররণে অসংস্রব	•••	88-84
59 1	নারীত্বে প্রেমের উৎস	•••	84-89

	ৰিয য়		পৃষ্ঠা
741	নারীতে কামের বিকার	•••	৪ ৭-৪৮
1 64	কাম দমনে প্রেমের জয়		86-85
२०∣	অক্বত কার্য্যতায় কর্ত্ব্য নির্দ্ধার	ৰ	8 3-¢ •
42 I	সয়তানের কুহক জাল কর্ত্তণ		¢ ?
२२ ।	বিবৈক বাণী	• • •	<i>૯ \- ૯ ર</i>
২৩ ।	প্রিয়ের যাজণে উন্নয়ন		৫ ২
₹8	সংশয়ে বিচার বুদ্ধি	***	৫৩
ર¢]	অবলম্বনে আশ্রয় ও আস্তি	• • •	૯ ૯-૯ 8
२७ ।	সন্দিশ্ব আসন্তি		¢ 8
२१।	ভাব-চরিত্রে ও চলনে		@ e-@ %
२৮ ।	জীবনে দৈবও পুরুষকারের প্রভ	গ াব	6 A-6
२२ ।	জীবনে আধ্যাত্মিকতা		৫ ዓ
७०।	গৃহত্বের দেবা ধর্ম	***	የ ৮
७३।	গৃহীর ধর্ম কর্ম		છ-૯૭
७२ ।	গৃহীর ব্রহ্মচর্য্য		৬৬
৩৩	নারীর নারীত্ব কি দিয়ে		હર-હ
७८ ।	নারীর পতির প্রতি ব্যবহার	4 4 9	৬৪
७० ।	নারীত্বের পরিচয়	•••	હ∉ ∙
৩৬।	নারীতে মাতৃভাব	,	৬৬
७१।	নারীত্রে দেবাপরায়ণতা		<i>હું</i> હું હું

.

	বিষয়		.পৃষ্ঠ ।
৩৮।	সেবায় ক্ষিপ্ৰতা ও দক্ষতা	• • •	৬৭
७ ० ।	গৃহস্থাশ্ৰমে স্থা ও ভোগ	• • •	৬৮
80	কুমারীর কর্তব্য নির্দারণ	• • •	৬৮ ৬৯
82	নারীত্বের বৈশিষ্ট্য	•••	9 0
९२ ।	নারীর পরিজনে ব্যাপ্তি	•••	9.5
8७ ।	নারীতে শিক্ষার ধারা		95
88 1	শিক্ষায় ভক্তি ও ঈর্যা	•••	90
8@	নারীতে লজ্জা ও সঙ্কোচবোধ	•••	48
8 5 }	নারীর স্বধ্র লাঞ্না	•••	98-9¢
891	নারীর অবরোধ অবগুঠণ		ዓ৫
8५ ।	নারীর চরিত্রা হুসন্ধান	* * 4	9৬
८७ ।	উৎসবাদিতে পুরুষ সাহচর্য্য	***	99
€∘	নারীর শা জ সজ্জার প্রয়োজন	***	ዓ ৮
621	নারীর পুরুষাকাজ্ঞা		45
4२ ।	কামে কাম্য		₽•
(७)	ছদ্মবেশে কামের প্রকাশ	•••	۶.,
68	11.5	• • • •	bঽ
@@	নারীর সেবায় সংশ্রব	• • •	৮২-৮৩
৫৬।	ভালবাদার আবিষ্কার	***	৮৩
¢ 9	নারীর মাতৃত্বে ব্রহ্মচর্য।		৮8-৮ ٩,

	বিষয়		পৃষ্ঠা
eb	নারীত্বে স্বজাতিয়-বিদ্বেষ		৮ 9- ৮ ৮
। द ୬	নুারীত্বে শিল্পত্রত	•••	৮৮-৮৯
৬০	নারীত্বে স্থচি ও পরিচ্ছন্নতা	•••	. ৮৯
७১ १	নারীত্বে ক্থাবোধ	***	ەھ
७२ ।	নারীর আহায্য	•••	८६-०५
७७ ।	নারীতে ভালবাসার লক্ষ্ণ	•••	>
৬৪	ন্ত্রী পুরুষের মিলন সমস্তা	4	∌ 8-5€
৬৫।	নর নারীর অধিকার ভেদ		ন র- <i>শ</i> র
৬৬	ন্ত্রী পুরুষের মিলন		हद-यह
৬৭।	নারীর বিবাহে বিচার		· 22-700
৬৮।	মাতৃত্বে থর্বতার প্রস্তাব ভয়াবহ		200-205
। दरु	নারীর অকাল মাভৃত্ব	•••	3°C-5°8
90	দম্পতি জীবন	•••	208-209
951	মাতৃ মঙ্গল ও শিশু মঙ্গল অহুষ্ঠা	ন	22°-22d

নাৰীভেৰ প্ৰভিষ

13271.935.2

——— o () ¬———

কিংস্-হাসপাতালের ভৃতপূর্ক রেসিডেন্ট মেডিক্রাক্ষ্ণ স্থপারিন্টেণ্ডেন্ট, ঢাক। জেলার ভৃতপূর্ক ও ফরিদপুর জেলার বর্ত্তমান স্বাস্থ্য কর্মচারী, ডাঃ শ্রীঅভয়কুমার সরকার এম,বি; ডি,পি,এইচ্ প্রণীত।

--এজেন্ট--

দি ক্যালকাটা পাবলিশাস

১৯৯এ, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা

No. 1255. Unio 16.8.37

মূল্য ৸৽ আনা

প্রকাশক---সরকার এণ্ড সকা

কলেজ রোড, ফরিদপুর।

Out of Print

প্রাপ্তিম্বান:-

- ঠ। ক্যালকাটা পাবলিশাস ১৯৯এ, কর্ণওয়ালিশ ষ্ট্রাট, কলিকাতা।
- ২। দাস গুপ্ত এণ্ড সন্তে নং কলেজ খ্রীট্, কলিকাতা।
- ৩। নিউ প্রেসিডেন্সি বুক ডিপো ৬৪ নং কলেজ খ্রীট্, কলিকাতা।
- ৪। প্রেসিডেন্সি লাইবেরী, ঢাকা।
- ৫। সরকার এণ্ড স^হরাড, ফরিদপুর।

মুদ্রাকর—শ্রীশৈলেজনাথ গুহ রায়, বি-এ শ্রীসরস্বতী প্রেস লিঃ ১, রমানাথ মজুমদার খ্রীট, ক্রিকাতা।

উৎসূর্গ পত্র

পরম পিতার কুপায়

যাহার সান্ধিধ্যে—

জীবনব্যাপী নারী চরিত্রের

্বৈশিষ্ট্যাবলোকন করিয়া

মাতৃজাতির সেবা কল্পে

এই পুস্তক রচনা করা সম্ভব হইল,

তাঁহার করকমলে এই পুস্তিকা

প্রীতিপূর্ণ হাদয়ে

অপিত হইল।

গ্রন্থকার।



ভিপতাৰ

এই পুস্তক

ক

প্রতি-উপহার স্বরূপ প্রদত্ত হইল



নিবেদন

প্রায় ২০ বংসর কাল সমাজসেবার কার্য্যে লিপ্ত থাকিয়া এইটুকু বুঝিয়াছি যে সমাজের নিয়ন্ত্রি নারীজাতির শিক্ষা-দীক্ষার উপর দেশের সর্ব্বপ্রকার কল্যাণ নির্ভর করে। কিন্তু বর্ত্তমান প্রগতির দিনে তাহাদিগকে সম্যকভাবে পরিচালিত করিয়া আর্য্যবংশীয়দের আদর্শ রক্ষার তেমন কোন ব্যবস্থাই দেখা যাইতেছে না। সম্প্রতি পাবনা সৎসজ্যের প্রতিষ্ঠাতা শ্রীশ্রীঠাকুর অনুকূল চন্দ্রের কৃপায় প্রচারিত "নারীর নীতি", "নারীর পথে" নামক পুস্তকে যে সকল বিষয় আলোচিত হইয়াছে, তাহাতে এই সকল বিষয়ের কতকটা নির্দ্দেশ পাওয়া যায়। তথাকার প্রচারিত "সৎ-সঙ্গী" এবং "বিবৰ্দ্ধন" নামক সাপ্তাহিক পত্রিকায় বর্ত্তমানে এই বিষয়ে বিশদ আলোচনা হইতেছে দেখিয়া আনন্দিত হইয়াছি। মৎ প্রণীত "নারীজীবন ও প্রস্থৃতি পরিচর্য্যা" নামক পুস্তক

পাঠে শ্রীশ্রীঠাকুর নারী-ফাতির কল্যাণ কামনায়
পুস্তক লিখিবার জন্য আদেশ করায় আজ
'নারীদ্বের প্রতিষ্ঠা' প্রকাশ করা সম্ভব হই ।
বাঙ্গলা দেশের কুমারীগণ যদি এই পুস্তক পাঠে
ভাহাদের চরিত্র গঠনে একটুকুও সাহাষ্য লাভ
করেন, ভবেই এই শ্রম সার্থক জ্ঞান করিব।

এই পুস্তকের বিষয় সূচী বহুল হইলেও কলেবর বৃদ্ধির ভয়ে অতি সংক্ষেপে আলোচনা করিতে বাধ্য হইয়াছি। যথাসম্ভব সরল ভাষায় প্রকাশ করার চেষ্টা সম্বেও কোন কোন স্থলে ভতটা সরল করা সম্ভব হয় নাই। অভএব যদি কোন বিষয় পুর্বোধ্য বিবেচনা হয়, তবে সম্পাদক, মনোসমীক্ষণ সমিতি, ফরিদপুর এই ঠিকানায় পত দ্বারা জানাইলে তাহার যথায়থ উত্তর দেওয়া হইবে। কভিপয় অবশ্য জাতব্য বিষয় আজ-কালকার দিনে প্রত্যেক নারীর স্থানিবার বাসন থাকিলেও পুস্তকে ভাহা প্রকাশ করা সমীচিন বোধ করিলাম না। এজন্য এবারে "নারী-জীবন'

নামে পৃথক পুস্তকে তাহা প্রকাশিত হইতেছে

প্রস্থাক সাধারণের নিকট বিক্রয় করা উদ্দেশী

ময়, তবে বয়স্কা মহিলা, ধাত্রী, বা সমাজ
কলা শকামীগণ এই পুস্তকের প্রকাশক সরকার

এণ্ড সন্স, কলেজ রোড, ফরিদপুর—এই ঠিকানায়
পত্র লিখিলেই ঐ পুস্তক প্রাপ্ত হইতে পারিবেন।
এই পুস্তকে জন্ম-শাসন পদ্ধতি সবিস্তারে
আলোচিত হইয়াছে এবং প্রত্যেকের অবস্থামত
ব্যবস্থার জন্ম যাহাতে স্থাচিকিৎসকের শরণাপন্ন
হইন্না উপকৃত হন তাহার ব্যবস্থাও করা হইয়াছে।

সমাজ কল্যাণকামী প্রত্যেক নরনারী 'নারীছের প্রতিষ্ঠা' তাহাদের সরলমতি বালিকার বয়ঃপ্রাপ্ত অবস্থায় যথানিয়মে পাঠ করিবার ব্যবস্থা করিলে ঐ বালিকার নিজের, পরিবারের ও প্রতিবাসীর তথা নারীসকলের কুশল করা সম্ভব হইবে— এই আশায় উদ্দীপিত হইয়াই এই পুস্তক প্রকাশ করিয়াছি। এখন দেশবাসী আবালবৃদ্ধের দৃষ্টি আকর্ষিত হইলেই গ্রন্থকার নিজে ধন্য মনে করিবেন। ইতি—

শ্রীপঞ্চমী

নিবেদক—

\$8150182

প্রকার



সূচীপত্ৰ

	বিষয়		পৃষ্ঠা
2 1	নারী জীবনের বিশেষত্ব	***	\ \ \ \ \ \ \ \ \ \ \ \ \ \ \ \ \ \ \
२ ।	মাতৃত্বের বিকাশ ও ব্যায়াম	অভ্যাস	b-30
	বিবাহে বহন		১৫-২০
1 8	বিবাহে বয়স নিৰ্ণয়	•••	· ২ ২ ৪
۱ ۍ	স্বামী স্ত্রীর বয়দের পার্থক্য	•••	\8- ২ ৫
91	বিবাহের দায়িত্ব	***	२৫-२१
9 1	गर्भारत करा १७) जुल्हा	***	২৮-২৯
b 1	নারীর স্বার্থকতা বধুত্বে	***	৩০-৩১
۱ و	নারীতে লক্ষীর আবিভাব	•••	৩১-৩২
> 1	নারীর স্বামীর প্রতি কর্ত্ব্য	•••	৩২-৩৩
22.1	বিবাহ বংশ রক্ষার মূল		৩৪
751	বিবাহে পাত্র পাত্রী নির্কাচন	***	৩৫-৩৮
100	বিবাহে সয়ম্বর প্রথা	•••	৩৮-৪২
78 1	নারীর বিবাহে বরণাধিকার	h # +	80
76	নারীর বরণাদর্শ		88
१७ ।	বররণে অসংস্রব	•••	88-84
११।	নারীত্বে প্রেমের উৎস	• • •	8 ¢- 89

	ৰিয য়		পৃষ্ঠা
72-1	নারীতে কামের বিকার	•••	৪ ৭-৪৮
1 64	কাম দমনে প্রেমের জয়		86-85
२०∣	অক্বত কার্য্যতায় কর্ত্ব্য নির্দ্ধার	ৰ	8 3-¢ •
42 I	সয়তানের কুহক জাল কর্ত্তণ		¢ ?
२२ ।	বিবৈক বাণী	• • •	<i>૯ \- ૯ ર</i>
২৩ ।	প্রিয়ের যাজণে উন্নয়ন		৫ ২
₹8	সংশয়ে বিচার বুদ্ধি	***	৫৩
ર¢]	অবলম্বনে আশ্রয় ও আস্তি	• • •	૯ ૯-૯ 8
२७ ।	সন্দিশ্ব আসন্তি		¢ 8
२१।	ভাব-চরিত্রে ও চলনে		@ e-@ %
२৮ ।	জীবনে দৈবও পুরুষকারের প্রভ	গ াব	6 A-6
२२ ।	জীবনে আধ্যাত্মিকতা		৫ ዓ
७०।	গৃহত্বের দেবা ধর্ম	* * *	የ ৮
७३।	গৃহীর ধর্ম কর্ম		છ-૯૭
७२ ।	গৃহীর ব্রহ্মচর্য্য		৬৬
৩৩	নারীর নারীত্ব কি দিয়ে		હર-હ
७८ ।	নারীর পতির প্রতি ব্যবহার	4 4 9	৬৪
७० ।	নারীত্বের পরিচয়	•••	હ∉ ∙
৩৬।	নারীতে মাতৃভাব	,	৬৬
७१।	নারীত্রে দেবাপরায়ণতা		<i>હું</i> હું હું

.

	বিষয়		.পৃষ্ঠ ।
৩৮।	সেবায় ক্ষিপ্ৰতা ও দক্ষতা	• • •	৬৭
्र ।	গৃহস্থাশ্ৰমে স্থা ও ভোগ	• • •	৬৮
80	কুমারীর কর্তব্য নির্দারণ	• • •	৬৮ ৬৯
82	নারীত্বের বৈশিষ্ট্য	•••	9 0
९२ ।	নারীর পরিজনে ব্যাপ্তি	•••	9.5
8७ ।	নারীতে শিক্ষার ধারা		95
88 1	শিক্ষায় ভক্তি ও ঈর্যা	•••	90
8@	নারীতে লজ্জা ও সঙ্কোচবোধ	•••	48
8 5 }	নারীর স্বধ্র লাঞ্না	•••	98-9¢
891	নারীর অবরোধ অবগুঠণ		ዓ৫
8५ ।	নারীর চরিত্রা হুসন্ধান	* * 4	9৬
८७ ।	উৎসবাদিতে পুরুষ সাহচর্য্য	***	99
€∘	নারীর শা জ সজ্জার প্রয়োজন	***	ዓ ৮
621	নারীর পুরুষাকাজ্ঞা		45
4२ ।	কামে কাম্য		₽•
(७)	ছদ্মবেশে কামের প্রকাশ	•••	۶.,
68	11.5	• • • •	bঽ
@@	নারীর সেবায় সংশ্রব	• • •	৮২-৮৩
৫৬।	ভালবাদার আবিষ্কার	***	৮৩
¢ 9	নারীর মাতৃত্বে ব্রহ্মচর্য।		৮8-৮ ٩,

	বিষয়		পৃষ্ঠা
eb	নারীত্বে স্বজাতিয়-বিদ্বেষ		৮ 9- ৮ ৮
। द ୬	নুারীত্বে শিল্পত্রত	•••	৮৮-৮৯
৬০	নারীত্বে স্থচি ও পরিচ্ছন্নতা	•••	. ৮৯
७১ १	নারীত্বে ক্থাবোধ	***	ەھ
७२ ।	নারীর আহায্য	•••	८६-०५
७७ ।	নারীতে ভালবাসার লক্ষ্ণ	•••	>
৬৪	ন্ত্রী পুরুষের মিলন সমস্তা	4	∌ 8-5€
৬৫।	নর নারীর অধিকার ভেদ		ন র- <i>শ</i> র
৬৬	ন্ত্রী পুরুষের মিলন		हद-यह
৬৭।	নারীর বিবাহে বিচার		· 22-700
৬৮।	মাতৃত্বে থর্বতার প্রস্তাব ভয়াবহ		200-205
। दरु	নারীর অকাল মাভৃত্ব	•••	3°C-5°8
90	দম্পতি জীবন	•••	208-209
951	মাতৃ মঙ্গল ও শিশু মঙ্গল অহুষ্ঠা	ন	22°-22d

নাৰীছেৰ প্ৰভিন্ত

--000---

()

নারী জীবনের বিশেষত।

মঙ্গলময় ভগবানের সৃষ্টি কৌশলকার্য্যে স্ত্রী ও পুরুষের সমান প্রয়োজন, কারণ স্ত্রীজাতির উপর ভবিয়াত বংশের মঙ্গলামঙ্গল সম্পূর্ণ নির্ভর করে। স্প্রীরক্ষা ও উন্নতজাতি গঠনের উদ্দেশ্য সফলার্থে মাতৃজাতিকে নিয়মিতভাবে শিক্ষিত করিবার ব্যবস্থা করা প্রয়োজন। তুর্ভাগ্য বশতঃ এদেশে এরপ শিক্ষার বড়ই অভাব। বিষয়টী গুরুতর হইলেও স্থশিক্ষার অভাবে এবং কুসংস্কার বশতঃ নিজেদের গুপ্ত ব্যাধিগুলি গোপন রাখিয়া গৃহলক্ষীগণ নিজেদের এবং ভবিয়াদ্বংশের প্রভূত অমঙ্গল সাধন করিয়া থাকেন। কিন্তু কখনও ঠিক নহে।

সন্তানের মঙ্গলের জন্ম প্রতিনিয়ত মাতার সাস্থ্য যাহাতে ভাল থাকে, তাহার প্রতিলক্ষ্য রাখিতে হইবে। কি উপায়ে স্বাস্থ্য রক্ষা করা যায়, মাতা তাহা যত্ন পূর্বক শিক্ষা করিবেন। স্বীয় কন্সা প্রাপ্তবয়স্কা হইবার পূর্বেই যাহাতে কন্যা নিজের মঙ্গলামঙ্গল বুঝিতে পারে, এবং তদনুষায়ী স্বাস্থ্য রক্ষার নিয়মগুলি পালন করিতে শিক্ষা করে, ভাহার ব্যবস্থা করিবেন। বিধাতার স্ষ্টি-কৌশল সম্বন্ধে যে সকল তত্ত্ব বৈজ্ঞানিক সুচিকিৎসকের নিকট অবগত-হওয়া যায়, তাহা কোন প্রকার দ্বিধাবোধ না করিয়া সত্রপদেশ বিবেচনায় মাতৃজাতির মঙ্গলের জন্য যথাসময়ে নিয়মিত ভাবে শিক্ষা দিতে হইবে।

শিশুর জীবন মাতার গর্ভে আরম্ভ হয়। গর্ভ-ধারণের পূর্বের, অন্তঃস্বতা অবস্থায়, এবং তাহার পরে, শিশু ভূমিষ্ঠ হইলে, কি উপায়ে প্রকৃতিস্থ ও সূস্থ মানুষরূপে গঠন করিয়া তোলা যায়, তাহা প্রত্যেক মাতার বিশেষ রূপে শিক্ষা করা কর্ত্ব্য। কারণ মাতার শিক্ষা দীক্ষা এবং সাবধানতার উপরই

ভবিষ্যৎ শিশুর জীবন সম্পূর্ণরূপে নির্ভর করে। * শিশু ভূমিষ্ঠ হইলো যতদিন প্র্যান্ত স্তম্ম পান করে, ততদিন পর্য্যন্ত, মাতার স্বাস্থ্যের উপর তাহার জীবন সম্পূর্ণ নির্ভর করে। তৎপর অন্ততঃ পাঁচবংসর বয়স প্র্যান্ত তাহার লালন পালনের ভার মাতার উপর ন্যস্ত থাকে। এই সময়ে মাতা শিশুকে যেরূপ ভাবে শিক্ষা দিবেন, শিশুর স্বাস্থ্য ও মানসিক বৃত্তি সেই ভাবেই গঠিত হইবে। যে মাতা তাঁহার কর্ত্তরা নিয়মিতক্রপে পালন করেন না, তাঁহাকে ভবিষ্যতে অশেষ কণ্ট ভোগ করিতে হয়। স্থুতরাং দেখা যাইতেছে যে, মাতার উপরই শিশুর জীবন সম্পূর্ণ নির্ভর করিতেছে। আবার সেই শিশুর উপরই বংশের ভবিষ্যুৎ গৌরব নির্ভর করে। পুরুষ অপেক্ষা নারীর কর্ত্তব্য যে কত বড়, তাহা এখন অন্তুভব করুন। মায়ের স্নেহময় বাক্যে শিশু ঘুমাইয়া পড়ে, আবার ভাঁহারই আদেশে জগতের মঙ্গলের জন্য ধাবিত হয়। অতএব প্রত্যেক মাতা তাহার জীব্নের বিশেষত অন্নভব করিয়া ভগবানের বিচিত্রময়

লীলাক্ষেত্রে কর্ত্তর্য বিবেচনার সহিত পালন করিবেন। তবেই সমাজে প্রকৃতভাবে নারীত্বের প্রতিষ্ঠা করা হইবে।

কন্যা সবল ও সুস্থকায় হইয়া পূৰ্ণাঙ্গ প্ৰাপ্তা না হওয়া পৰ্য্যন্ত, তাহাকে বিবাহ দেওয়া উচিত নহে। কারণ মাতৃত্বের কর্ত্তব্য এত কঠিন যে, তাহা সম্পাদন করা তুর্বল শরীরের পক্ষে সম্পূর্ণ অসম্ভব। মাতা বালিকা হইলে তাঁহার শিশু ক্বচিৎ দীৰ্ঘজীবি হইতে দেখা যায়। অধিকন্ত বালিকা-মাতা যক্ষা প্রভৃতি তঃসাধ্য রোগে আক্রান্ত হইয়া থাকে। ঐ মাতা নিজে যাহা আহার করে, তাহাতে তাহার নিজের শরীরের পুষ্টি সাধিত হইলেও পূর্ণ বয়স্কা না হওয়া পর্য্যন্ত, ভাহার গর্ভে সন্তান সন্তাবনা হইলে, উহার পোষণ করিবার শক্তি সঞ্চিত হয় না। একারণ গর্ভস্থ শিশুর অমঙ্গল ঘটে এবং অনেক ক্ষেত্রে গর্ভস্রাবও কোন কোন অবস্থায় মাতা হিষ্টিরিয়া হয়। এবং এক্লাম্সিয়া প্রভৃতি রোগে আক্রান্ত হইয়া অকালে জীবন লীলা সম্বরণ করিয়া

থাকে। অপরিণত বয়স্কা মাতার শিশু ভূমিষ্ঠ হইলেও ঐ শিশুর প্রয়োজন মত ত্ম তাঁহার স্তনে সঞ্চিত হয় না। একারণ শিশুকে স্তন্যদান করাইতে রক্তের কতকাংশ বিকৃত ত্থে পরিণত হয়। উহাতে শিশুর পুষ্টি সাধন সম্যুকরূপে হয় না, এবং মাতার রক্তের সারাংশ ঐরপ ভাবে নির্গত হওয়ায়, তাহার সাধারণ রোগ নিবারণ ক্ষমতা (Vitality) হ্রাস পায়। এইজন্য অতি সহজেই যক্ষা, অজীর্ণ (Dyspepsia), স্তিকাসংক্রান্ত উদরাময় এবং আমাশ্য় প্রভৃতি রোগে ভূগিয়া থাকে।

শরীরপালনের নিয়ম বিশেষরূপে অবগত না
থাকায়, নানা প্রকার অত্যাচারে জরায়ু প্রভৃতি
যন্ত্রের বিবিধ প্রকার রোগ প্রকাশ পায়।
অতএব প্রত্যেকের শরীরপালন সম্বন্ধে কতকটা
ধারণা থাকা দরকার। মন্থু প্রভৃতি পৌরাণিক
মনীষিগণের শাস্ত্রপাঠ করিলে আমরা এই সব
সম্বন্ধে অনেক বিষয় জানিতে পারি। মন্থুসংহিতা
নামক পুস্তকপাঠে সৃষ্টিতত্ত্ব ও তাহার বিশেষত্ব

এবং রক্ষণপ্রণালী সম্বন্ধে যে সমস্ত বিষয় অবগত হওয়া যায়, তাহা হইতেই আমরা বেশ বুঝিতে পারি যে, পুরাকালেও এ সম্বন্ধে প্রভূত গবেষণা ও চর্চা হইত। স্থুসন্তানকামী-গৃহস্থ অতি সাবধানতা সহকারে শরীরপালনের নিয়মপ্রণালী শিক্ষা করিবে। নচেং ব্যভিচার দোষে তৃষ্ট রোগাদির দারা আক্রান্ত হইবার সন্তাবনা থাকে।

এই সকল নিয়ম শিক্ষা করার জন্ম স্ত্রী-পুরুষ নির্বিশেষে প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যান্ত ব্রহ্মচর্য্য অবলম্বন করিতে হইবে। হতভাগ্য ভারতবর্ষে উহা পুস্তকে রচিত গল্পের মত মনে হয়। পক্ষাস্তরে পাশ্চাত্যজাতি সকল, পৌরাণিক হিন্দুর আদর্শে নিজ নিজ সমাজ সংস্কার করিতেছেন। খৃষ্টধর্ম্ম প্রচারক পাদ্রীদিগের পুস্তক পাঠেও আধুনিক নব্য শিক্ষিত সম্প্রদায় এ বিষয়ে অনেক সন্ধান পাইতেছেন। বর্ত্তমানে দেশের এমন অবস্থা উপস্থিত হইয়াছে যে, শিশু ও প্রস্তিমৃত্যু ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় সমাজে বিশেষ আতঙ্ক উপস্থিত হইয়াছে। এইজন্ম যাহাতে পবিত্র

ভাবে ও উন্নত প্রণালীতে জীবনযাপন সন্তবপ্র হয়, তাহার বাবস্থা নিতান্তই আবশ্যক হইয়া পড়িয়াছে। আশাকরি প্রত্যেক মাতা, ভগ্নী ও কন্মা উন্নত ও পবিত্র জীবন্যাপনের সঙ্কল্প করিবেন এবং এই পুস্তকের লিখিত তত্ত্বসকল অবগত হইয়া নিজ নিজ জীবনকে উন্নত করিতে চেষ্টা করিবেন। প্রত্যেক কন্সাকে সবল ও স্থুস্থ রাথিবার জন্ম নিয়মিত ব্যায়াম, পরিমিত আহার ও সংচিন্তাধারা এবং একানুবর্ত্তিতায় অভ্যস্ত করিতে হয়। ব্রহ্মচর্য্য রক্ষা করিয়া মানসিক বল বৃদ্ধি করা এবং তুর্কৃতদের হাতে পড়িয়া পরিণামে লাঞ্ভি না হইতে হয়, ভজ্জন্য প্ৰস্তুত থাকা বর্তুমানে একান্ত প্রয়োজন হইয়াছে। এসকল বিষয় ভাবিয়া-চিস্তিয়া মেয়ে যাহাতে কোনও প্রকারে উচ্ছ,ঙাল হইয়া না উঠে, ভাহার ব্যবস্থা করা মাতা-পিতার পক্ষে বিশেষ ভাবে দরকার হইয়া উঠিয়াছে।

মাতৃত্বের বিকাশ।

আমাদের এই গ্রীমপ্রধান দেশে অধিকাংশ স্বস্থ বালিকা ১২।১৩ বৎসর বয়সেই কুমারী অবস্থায় পরিণতা হয়। এই বয়দের কিছু পূর্ব্ব হইতেই স্ত্রী-প্রকৃতির কোন কোন লক্ষণ বিক্ষিত হইতে দেখা যায়। শীতপ্রধান দেশে ১৪।১৫ বৎসরে এই পরিবর্ত্তন দেখা দেয়। প্রথমতঃ মেয়েদের স্থান বৃদ্ধি পাইয়া উন্নত হইতে থাকে, এবং সম্ভান গর্ভে আসার পূর্বের সম্ভানের ত্থ সরবরাহ করিবার জন্ম, করুণাময় ভগবানের নিয়মানুযায়ী ক্রমে ক্রমে স্তব্দে ত্র্য্ব সঞ্চয় হইতে থাকে। ঠিক এই সময় হইতে উহাদের মানসিক পরিবর্তুন লক্ষ্য করা যায় এবং এই বিচিত্রময় জগতের স্ষ্ঠিকৌশল সম্বন্ধে কিছু কিছু ধারণা করিতে প্রয়াস পায়। দেহের সৌন্দর্য্য বিকাশের সঙ্গে সঙ্গে স্ত্রী-সভাব-স্লভ লজা দেহের লাবণ্য ছিগুণতর বৃদ্ধি করে। বাহিরের এই পরিবর্ত্তনের

সঙ্গে সঙ্গে শরীরাভ্যান্তরস্থ কতিপয় জনন যন্ত্রাদি, যাহা ইতিপূর্কে অতিশয় ক্ষুদ্রাকার ছিল তাহাদেরও ক্রমঃবৃদ্ধি হইতে থাকে। এতদ্যতীত শরীরস্থ কতিপয় গ্রন্থিসমূহের পরিবর্ত্তন দেখিতে পাওয়া যায়। জননযন্ত্রাদি ও গ্রন্থিসমূহের পরস্পরের ভিতর বিশেষ একটু নিকট সম্বন্ধ আছে এবং উহাদের কাহ্যকরী ক্ষমতার সামঞ্জুস্ত থাকায়, জননযন্ত্ৰাদি স্বাভাবিক অবস্থায় বৃদ্ধি পাইতে থাকে। যদি উহাদের পরস্পরের ভিতর কোন অস্বাভাবিক অবস্থা ঘটিয়া উঠে, তবেই নানা প্রকার রোগের উৎপত্তি হয়, এবং উহা নিরাকরণের জন্ম ধাত্রীবিভায় অভিজ্ঞ স্থচিকিৎসক ডাকিবার প্রয়োজন হয়।

জনন যন্ত্রাদি সম্যক পূর্ণতা প্রাপ্ত হইলেই
কুমারীদের ঋতু হয়, এবং ১৫।১৬ বংসর বয়সে
তাহারা যুবতী অবস্থায় পরিণত হয়। এই সময়ে
কন্তা পূর্ণাবয়ব প্রাপ্তা হইলেও তাহার বয়স ২০।২১ বংসর না হওয়া পর্যান্ত, তাহাদের শরীরের অন্থি-সমূহ সম্পূর্ণরূপে পূর্ণতা প্রাপ্ত হয় না।

এইরপ পূর্ণতা প্রাপ্ত হওয়ার পূর্বের মাতা নিজে যাহা আহার করিয়া থাকে, ভাহাতে কেবল নিজের শরীরের পুষ্টি সাধন করিতে পারে। কিন্তু সন্তান সন্ততি গর্ভে থাকিলে, তাহার জন্ম অতিরিক্ত দ্রব্যাদি উহার নিজের শরীর হইতে সরবরাহ করিতে হয়। এই অবস্থা বালিকা-মাতার পক্ষে অস্বাভাবিক, এবং ইহার ফল অতি ভয়াবহ। অসময়ে প্রাকৃতিক আসঙ্গলিপ্সা অস্বাভাবিক বৃদ্ধি প্রাপ্ত হইয়া যাচাতে ঐ ভাবী মাভার কোন প্রকার অমঙ্গল সাধিত না হয়, ভজ্জন্য প্রত্যেক মাতাকে উপযুক্ত রূপে শিক্ষা বিধানের দ্বারা তাহার মাতৃত্বের কর্ত্ব্য সম্পাদন করিতে যথাসাধ্য সহায়তা করিতে হইবে। মাতার শিক্ষার উপর তাহার কন্সার ভবিষ্যৎ অনেকটা নির্ভর করে। এজগু প্রত্যেক শিক্ষিতা মাতা, কক্সা ঋতুবতী হইবার পূর্বে হইতেই তাহার জীবনের কর্ত্ব্য সম্পাদনেরজন্ম অতি সাবধানতার সহিত অনর্থক লজ্জার বশবর্তী না হইয়া অভি সরল ভাবে বিধাতার সৃষ্টি কৌশলতত্ত্ব যুত্তের

সহিত শিক্ষা দিবেন, মাতার দায়িত্ব সম্বন্ধে প্রত্যেক কন্মাকে বিশদভাবে শিক্ষা দিবার ব্যবস্থা করিবেন। প্রত্যেক বিষয়টী স্বয়ং অভিজ্ঞ ব্যক্তির নিকট শিক্ষালাভ করিয়া—স্বীয় কথাকে শিক্ষা দিতে অবহেলা করিলে মাতার একটা অতি প্রধান কর্তব্যের অব্হেলা করা হয়। এই অপরাধের জন্ম ঐ মাতা সমাজ ও ধর্মের নিকট দায়ী হইবেন। কন্তা অল্ল বয়দে ঋতুমতী হইলে, এই অবস্থাকে 'ইচরে পাকা" বলে। বিকৃত শিক্ষায় মেয়ের অত্যন্ত বিলাসিনী হয়। সর্ব্বদা উপত্থাস পড়ে, থিয়েটার বা বায়স্কোপে যায়, অথবা যে সকল মায়েরা তাহাদের মেয়েদের নিকট অশ্লীল গল্প গুজব করেন, রাভদিন বিবাহের কথা বলেন, কিন্তা ধাত্রীরা যখন নাড়ী পরীকা করে বা প্রসব করায় তখন যাহাদের দেখিতে দেওয়া হয়, তাহাদেরই অতি অল্প বয়সে ঋতুমতী হইতে দেখা যায়। বর্ত্তমানে সমাজের এত অধঃপতন হইয়াছে যে, বালিকি ১২ বংসর বয়সে পদার্পণ করিতে না করিতেই ঋতুমতী হয় ৷ অতি অল্প বয়সে বালিকার বিবাহ দেওয়াতেও এই প্রকার অনর্থ ঘটিয়া থাকে। অতএব প্রত্যেক মাতার বা কন্যার এ বিষয়ে বিশেষ ভাবে জ্ঞান লাভ করা উচিত। অক্যথায় সমাজের প্রভূত অকল্যাণ সাধিত হইতে বাধ্য। দেশের ও দশের মঙ্গল করিবার ইচ্ছা থাকিলে, প্রত্যেক মাতা এ বিষয় শিক্ষা গ্রহণ করিয়া তদীয় কন্সাকে সময় মত উপদেশ দিতে ক্রটি করিবেন না।

যাহা হউক বর্ত্তমান শিক্ষিত সমাজে অন্তম বংসরে "গোরী দানের" বাবস্থা আর বেশী দেখিতে পাওয়া যায় না; কিন্তু অপরিণত বয়সে বিবাহ দেওয়ায় মাতৃজাতির মৃত্যু সংখ্যা যে ভয়াবহ রূপে বাড়িতেছে, ইহার প্রতিকার করা একান্ত কর্ত্তব্য। সম্প্রতি সাধারণ গৃহস্থ ঘরে ১৫।১৬ বংসরের পূর্কেব মেয়ের বিবাহ দেওয়া হইয়া উঠিতেছে না। স্ত্রীশিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে এই বয়স ক্রমশঃ বৃদ্ধি পাইয়া ২০।২১ বংসরে দাঁড়াইবে বলিয়া মনে হয়। অতএব বর্ত্তমান সময়ে একটু চেষ্টা করিলেই মাতৃজাতিকে প্রকৃতির

গতি বিধি শিক্ষা দিয়া প্রাকৃতিক নিয়মে মানব সমাজের মঙ্গল সাধন করিতে উপদেশ দেওয়া যাইতে পারে।

মাতৃ প্রকৃতির বিকাশের দক্ষে সক্ষেই মেয়েকে তাহার শরীর রক্ষার নিয়ম প্রণালী সম্যুকভাবে শিক্ষা দিবার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। প্রত্যেক মেয়ে প্রত্যুষে শয্যা ত্যাগ করবার সময় উন্নত জীবন যাপন করার জন্য ভগবানের নিকট প্রার্থনা করার অভ্যাস করিবে। উহাতে মনের একাগ্রতা ও বল বাড়ে। তৎপর প্রত্যেক কুমারীর ব্যায়াম করা আবশ্যক।

ব্যায়াম অভ্যাস—(১) প্রভ্যুষে ঘুম হইতে উঠিয়া ছইপা প্রসারিত করিয়া সম্মুখে স্থাপন করিয়া বসিবে, হস্ত ছইটি সোজাভাবে উত্তলন করিয়া কাণের বরাবর উপরে সংস্থাপন করিবে। পরে ঐ হস্তদ্বয় ও মাথা সমানভাবে সামনের দিকে ঝুকিয়া ফেলিতে চেষ্টা করিবে এবং পায়ের অঙ্গুলী স্পর্শ করিবার চেষ্টা করিবে। এইভাবে ৩।৪ বার অভ্যাস করিলে পৃষ্ঠ, মাজা, গলা ও হস্তের

মাংস পেশীর ব্যায়াম হয়, এজন্য শরীর সবল হয়।

- (২) শ্যাত্যাগ করিবার পূর্কো গাত্রোখান করিয়া পা ছইটি প্রসারিতভাবে রাখিয়া ছইটি হস্ত প্রথমতঃ ডান দিকে স্থাপন করার উদ্দেশ্যে শরীরকে ক্রমে নত করিয়া ঝুকিয়া পড়িবে। তথায় এক মিনিট অবস্থান করার পর পুনরায় বামদিকে ঝুকিয়া পড়িবে। এই প্রকার ৫।৭ বার ব্যায়াম করিলে শরীরের পৃষ্ঠদেশ ও হাতের মাংসপেশী সবল হয়।
- (৩) তৎপর হস্তদ্বয় উভয় পার্শ্বে স্থাপনপূর্বক পা ছুইটি একটীর পর আর একটা উত্তোলন করিতে হয়। ৫।৭ বার এইপ্রকার করিলে তল-পেটের ও পাছার মাংশ পেশীর ব্যায়াম করা হয়।
- (৪) প্রত্যহ প্রাতে উঠিয়া ঘড় ঝাড় দেওয়া, ছড়া দেওয়া, ঘড় লেপা, বাসন মাজা, বাটনা বাটিবার অভ্যাস করিলে ব্যায়াম করা হয়।
 - (৫) জলে সান করার সময় সাঁতার কাটা

উত্তম ব্যায়াম। সকালে বিকালে গাত্র মার্জনা করাও উত্তম ব্যবস্থা।

(•)

বিবাহে বহন

বিবাহ কথার উদ্ভব হয়েছে বি+বহ্ ধাতু (বহন করার ভাব) হইতে। তাই বিশিষ্টরূপে বহন করার অধিকারে বিবাহ কার্য্য সম্পন্ন হয়। এই বিবাহ পদ্ধতি বা সংস্কারের দ্বারা মানুষ তুইটী কামনাকেই পরিপুরণ করে,—একটী উদ্দান ও অপর্টী সুপ্রাজনন। কিন্তু অনুপ্যুক্ত বিবাহে এই তুইটীকেই ছিন্ন করিয়া ফেলে, তাই সাবধানতা অবলম্বনে উপযুক্ত পাত্র পাত্রীর বিবাহ বন্ধনে আবদ্ধ করা একান্ত প্রয়োজন। বিবাহ মানব সমাজের শ্রেষ্ঠ সংস্কার ও উৎসব। ভগবান মন্থু বলিয়াছেন মেয়েরা স্থায়ু প্রকৃতির (Static) আর পুরুষ চরিষ্ণুপ্রকৃতির (Dynamic)। মেয়ে যখন পুরুষের সহিত

মিলিত হয়, অর্থাৎ পুরুষের সুখ তুঃখ তুষ্টি পুষ্টিই মেয়ের স্থাতঃখ তুষ্টি পুষ্টি হয়ে উঠে, এমনতর অবস্থায়, মেয়েরা পুরুষকে অবলম্বন করিয়া চরিফুজীবন পায় ;---এমনতর ভাবে তাদের পক্ষে নৃতন জীবন লাভ করা, আর পুরুষের পঞ্জে ও প্রধান পুষ্টি ও তুষ্টির উৎসকে অবলম্বন কর হয়। অতএব এরূপ ক্ষেত্রে মেয়েদের আনন্দ ও উৎসাহ বেশী হওয়াই স্বাভাবিক। নারীর এই প্রকার পুরুষকে সম্বর্জন করার প্রবৃত্তি,— আর পুরুষের অমনতর ভাবে সম্বন্ধিত হওয়ার প্রবৃত্রি সমাধানের প্রয়োজন হইতেই বিবাহের সৃষ্টি হইয়াছে। নারী চায় পুরুষকে উদ্বৰ্জন করিতে, তাই পুরুষ চায় নারীকে সর্বতোভাবে বহন করিয়া নিজের জীবনকে বিস্তারিত করিতে। তাই বিবাহে তুই জনেই পরস্পরকে বহন করে। স্বামী স্ত্রীকে যেমন করে বহন করতে পারে, তেমন ভাবে চেষ্টা করে। আর স্ত্রীর স্বামীকে যেমন করিয়া বহন করা উচিত, তেমন করিতে সে চেষ্টা করে। বিশেষ পুরুষ ও বিশেষ নারীর মিলনকে

বিবাহ সূত্রে চিরস্থায়ী করিবার সার্থকতা এই যে, উভয়ে কায়মন বাক্যে তাহাদের নিজ নিজ আদর্শে প্রতিষ্ঠিত থাকায় দাম্পত্য জীবনের বৃদ্ধি ও উন্নয়ন অবাধ হয়,—জীব ও জগতের মঙ্গল হয়। িগ্রপ্রকারে জীবন অমতত্র ভাবে বর্দ্ধনশীল ্র নাও হইতে পারে,—তাই পুরুষের উচিত নিজের আদর্শে অনুপ্রাণিত থাকা এবং প্রাণপণে গাদর্শকে প্রতিষ্ঠা করা। তারে যদি ঐ পুরুষের চরিত্রে, চলনে, আচরণে, জ্ঞানে—সবদিক দিয়া মুগ্ধ হইয়া ুকান নারী তাহাকে বহন করার জন্য অনুরোধ করে—আর সেই পুরুষ হাষ্ট চিত্তে তাহার অনুরোধকে সার্থক করে, তবে সেই প্রকারের মিলন প্রায়ই উভয়ের জীবন ও রুদ্ধিকে সার্থক ক্রিয়া (তালে—অপর পকে ব্যর্থতায় নিরাশ প্রাণে জীবন অতিবাহিত করা তুর্গম বোধ করে মাত্র। নারী যখন পুরুষকে স্বেচ্ছায় বরণ করে, তখনই সে সর্ব্বতোভাবে সেই পুরুষকে গ্রহণ করিবার উপযুক্ত হয়—এইজন্য ঐ নারী তার পুরুষের মনোত্বতির অনুসরিণী হয় এবং যথার্থ সহধর্মিনীত্বের প্রতিষ্ঠা হয়। স্থবিখ্যাত পণ্ডিত রাসেল বলিয়াছেন প্রায় স্লেই বিবাহটা লালসা বৃত্তিরই সামিল, শুধু এই পর্য্যন্ত যে, বিবাহরূপ গণিকা বৃত্তি হতে উদ্ধার পাওয়া একটু বেশী শক্ত। এই মত প্রকাশের কারণ, বর্তমানে অসদৃশ বা অপ্রাকৃতিক মিলন হওয়ায় ভার্য্যা মনোর্তির অনুসারিণী ও সহধর্মিণী হয় না ৷ এমন কি স্ত্রী যদি সর্বতোভাবে তাহার স্বামিকে গ্রহণ না করে, তার কতকগুলি গুণের পূজক হয়, এবং কতকগুলি বৃত্তিকে অপছন্দ করে, ভাহা হইলেও উভয়ের মধ্যে অমিল থাকবেই। এমন স্থলে স্বামীস্ত্রীর বৃদ্ধি ও উন্নয়ন হয় না, বরং নানা প্রকার ঘাত প্রতিঘাতে তাদের ভিতর কামুকতা ছাড়া অন্য কোন বন্ধন থাকে না—তাই মানুষ কামপ্রায়ণ হতে বাধ্য হয়। **রাদেল**্ আবিও বলিয়াছেন—"মানুষ যথনই জীবনের পক্ষে সম্পূর্ণ প্রতিকৃল কোন সঙ্গীর সহিত বসবাস করিতে বাধ্য হয়, তথনই তার নানা প্রকার তিক্ত অভিজ্ঞতার সংঘাতে জীবন বিপন্ন হইতে থাকে—ফলে মানুষের ইন্দ্রি লালসাই

অস্বাভাবিকরূপে বাড়িয়া যায়—নানারূপ উত্তে-্জনা ও বিক্ষেপ আসে—তাই মানুষের বৃত্তির প্রকৃত সার্থকতা কিছুতেই আদে না। আবার রাস্কিন্ বলিয়াছেন—নারী যখনই আত্মার বর্মা শক্ত করিয়া আগলে না ধরে, তখনই পুরুষত্বের গৌরব মান হইয়া যায়—ইহাই চিরন্তন সভ্য। সুইডেন্ বার্গের মতে—বিবাহ-মিলন জীবনের অমূল্য রত্ন এনংখ্রীষ্ট ধর্ম্মের আধারস্থল। বিবাহ-মিলন মানুষকে সম্পূর্ণ করে এবং ইহা মূলতঃ অতিশয় পবিতা। স্বামী যদি প্রকৃতই স্ত্রীর বৃত্তিগুলিকে বিকাশ করিবার স্থােগ দেন, এবং স্ত্রী তাহাতে ভৃপ্তিলাভ করিতে থাকে, ভবে এই বন্ধনেই ভার একাতু-ববিতা আদে এবং সীতা সাবিত্রীর স্থায় চির-স্মরণীয়া হইতে পারে। একান্ত্রতিতাই স্ত্রীলোকের স্বাভাবিক ধর্ম (natural instinct)। যে স্থানে এই প্রকৃতির বিপরীত ধর্ম্ম বা বহুতে অনুরক্তি ঘটে, সে স্থলে স্ত্রী তাহার বৈশিষ্ট্য ছাড়াইয়া জীবনকে অসার ও কষ্টকর করিয়া তুলে, এই দৃশ্যই প্রতীয়মান হয়। অতএব স্বাভাবিক মনোবৃত্তির

উন্মেষ করার চেষ্টাই ভাহার সাধনা হওয়া সঙ্গত ব্যবস্থা এবং ঐ চেষ্টাই ভাহার জীবনে শান্তি আনয়ন করিয়া ভাহাকে মহিমামণ্ডিত করিয়া ভূলে। নলের প্রতি একানুক্তিতেই দময়ন্তীর জীবনের সার্থকতা হইয়াছিল। সাবিত্রীর একনিষ্ঠ স্বামী-ভক্তিই পুক্ষকারের চরম আদর্শ।

(8)

বিবাহের বয়স নির্ণয়

রমণীর বয়স কত হইলে বিবাহ দেওয়া
যাইতে পারে, সেই সম্বন্ধে আয়ুর্বেদ ও পাশ্চত্য
চিকিৎসা শাস্ত্রের প্রায় একই মত। ষোড়শ বর্ষ
পর্যান্ত উভয় শাস্ত্রেই রমণী বালিকা ও কুমারী
নামে অভিহিতা। তৎপর যুবতী নামে পরিচিতা
হইয়া থাকেন। ইহার তাৎপর্য এই যে ইহার
পূর্বের সন্তান ধারণের ক্ষমতা সম্যকরূপে নারীর
আয়ত্বাধীনে আসে না। কিন্তু স্মৃতি শাস্ত্রকারণণ
রমণী ঋতুবতী হইলেই সম্প্রয়োগের অর্থাৎ সন্তান

ধারণের উপযোগী হয়—এইরূপ লিখিয়াছেন। এখন দেখা যাইতেছে ঋতুমতী হওয়ার সময় লইয়াই বিরোধ। পুরাকালে হয়ত যোল বংসরের পূর্বের রমণী ঋতুমতীই ুহুইত না। তাই স্মৃতিকারগণ এইরূপ ব্যবস্থা করিয়াছেন। কালক্রমে শিক্ষা দীক্ষার অভাবে বর্তমান সময়ে সুস্থা বালিকাকে একাদশ বা দাদশ বৰ্ষে ঋতুমতী হইতে দেখা যায়। একটু বিবেচনা করিলেই এ বিষয়টী বিশেষ উপলব্ধি হইবে। শিক্ষা দীক্ষার প্রভাবে যে দেশের লোকের পর্যায়ু সেকালে শতাধিক বংসর ছিল, তখনকার দিনে ব্রহ্মচর্য্য প্রভাবে ১৬ বংসর বয়সে কন্সা ঋতুমতী হওয়া সম্ভব ছিল। সম্ভবতঃ তথনকার প্রাকৃতিক ও পারিপার্থিক অবস্থা বর্তুমান সময় হইতে উন্নত ছिল।

কাহারও মতে ১২ হইতে ১৫ বংসরে বিবাহ হওয়া উচিত, আবার কোন কোন সম্প্রদায় ১৫ বংসরের পূর্কে বিবাহ দেওয়া উচিত মনে করেন না। এই বিষয়ে একটু বিবেচনা করিলে

প্রত্যেকেই স্বীকার করিবেন যে, কক্সা পূর্ণাবয়ব প্রাপ্তা না হইলে, অথবা ভাহার শরীরের অস্থি সমূহ সম্পূৰ্ণতা প্ৰাপ্ত না হইলে, কোন মতেই বিবাহ দেওয়া সঞ্চ নহে। যে জাতি বা সমাজ সবল সুস্থ সন্তান লাভ করিবার ইচ্ছা করে, তাহারা এই স্বাভাবিক নিয়ম কখনও লজ্যন করিবে না। একটু কষ্ট স্বীকার করিয়া মাতাপিতা এই নিয়মটী পালন করিতে পারেন। বর্ত্তমান সময়ে পণের দায়ে ভদ্রদমাজের মেয়েদের ১৬৷১৭ বংসর পর্যান্তও অবিবাহিতা অবস্থায় রাখিতে হয়। এই জন্ম আশা করা যায় স্ত্রীশিক্ষা বিস্তার লাভের সঙ্গে সঙ্গে মেয়ের! ২০ বংসর বয়সের পূৰ্বে বিবাহবন্ধনে শৃঙ্খলাবদ্ধ হইতে কোনও মতে ইচ্ছুক হইবে না। কারণ শিক্ষিতা মেয়েরা কখনও অল্প বা অপরিণত বয়দে সন্তানের মাতা হইয়া নিজেদের ও শিশুর অকল্যাণ ডাকিয়া আনিতে প্রয়াস পাইবে না। তাহারা অপরিণত বয়দে "ইচরে পাকা" মেয়েদের কি ভয়াবহ পরিণাম তাহা অবশ্য একবার ভাবিয়া দেখিবে।

অল্প বয়দে সন্তান প্রসবজনিত নান৷ প্রকার কষ্ট ও স্বাস্থ্যহীনতায় চিররোগিণী হইয়া জীবন যাপন করা কেহই সঙ্গত মনে করিবে না। যে মাতা তাহার নিজের শরীরের পুষ্টিসাধন করিতে অক্ষম, তাহার পক্ষে একটা সন্তানের স্তম্ম যোগান কখনও সন্তবপর নহে। ফলে শরীরের ক্ষয় অবশ্যস্তাবী। প্রায়ই দেখা যায় শিশুকে স্থতাত্ত্ব দিতে গিয়া নিজেই ত্রারোগ্য ক্ষয়রোগগ্রস্ত (Phthisis) হইয়া পড়ে। অল্প বয়দে জরায়ু প্রভৃতি জনন যন্ত্রাদি সম্যক্ পূর্ণতা প্রাপ্ত হইতে পারে না। ফলে নানা প্রকার উৎকট স্ত্রীরোগের (Uterine Diseases) সৃষ্টি হয়; এবং মাতার জীবন অশান্তিময় হইয়া উঠে। শরীরের পূর্ণতা লাভের সঙ্গে সঙ্গে মাভূত্বের বিকাশ হয়। মাতার প্রত্যেক বিষয় বুঝিয়া চলিবার ক্ষমতা হইলে তাহাকে বিবাহ দিলে পারিবারিক কিম্বা সামাজিক সুখসাচ্ছন্দ্যের কোন প্রকার বাধা বিল্ল হয় না। অভএব মাতৃত্বের সম্যক্ বিকাশ না হওয়া পর্যান্ত কোন

মেয়ের বিবাহ হওয়া উচিত নহে। সমাজের ও দেশের কল্যাণাকাজ্জী ব্যক্তিগণ নিশ্চয়ই এ বিষয় বিশেষভাবে চিন্তা করিয়া কাজ করিবেন।

জাতির কল্যাণ কামনায়, মেয়েরা ব্রত নিয়মের মত নিজ নিজ দেহ-ধর্ম রক্ষার ব্যবস্থা করিতে কোন প্রকার কুপ্তা বোধ করিবে না। কারণ নিজের ও বংশের অকল্যাণ কেহ ইচ্ছা করে আনে না।

(()

স্বামী-স্ত্রীর বয়সের পার্থক্য

ঋষিগণ বলিয়াছেন স্বামী দ্রীর ভিতর অন্তত পনের বা কুড়ি বংসর বয়সের পার্থক্যে, দ্রীর উজ্জল জীবনী শক্তি পুরুষে সংক্রামিত হইয়া সমতায় উভয়ের বার্দ্ধক্যকে অনেকাংশে প্রতিরোধ করিয়া থাকে, এবং জীবনে, উভ্যমে ও বর্দ্ধনে উন্নীত করিয়া আনন্দে, প্রমোদে, সুখ ও শান্তিতে অধিরা করাইয়া বীহ্যবান সন্তানের অধিকারী করিয়া তোলে, তাই ইহা ধর্মপ্রাদ। যাহা জীবনের বৃদ্ধি ও উন্নয়ন আনয়ন করে, তাকেই ধর্ম বলা যায়। বর্ত্তমান বৈজ্ঞানিকগণ এই মতের পোষকতা সম্পূর্ণভাবে না করিলেও ইহা সত্য। তবে অভিজ্ঞতার ফলে ঋষিবাক্যের অনুসরণ করাই সঙ্গত বিবেচিত হয়। এ বিষয়ে বর্ত্তমানে বিশেষ গরেষণাও চলিতেছে। অভিজ্ঞতায় ইহার সত্যতাও প্রমাণিত হইতেছে। অভএব ঋষিবাক্য প্রতিপালন করাই আর্য্যদের কর্ত্ব্য।

(৬)

বিবাহের দায়িত্ব

বিবাহ ব্যাপারটা বড়ই কঠিন। এই সামাজিক অনুষ্ঠানের উপর জাতির ভবিষ্যুৎ নির্ভর করে। এ বিষয়ে যে জাতি যত পরিমাণে বিবেচনার সহিত কার্য্য করে, সেই জাতি তত পরিমাণে জগতের প্রতিযোগীতায় লাভবান হয়। যদি কামান্ধ হইয়া ইন্দ্রিয় লালসা পরিভৃপ্তির আসঙ্গলিম্পা জন্মিয়া থাকে, তবে, তাহা চরিতার্থের জন্ম সমাজের উপর অন্যায় অত্যাচার করা কখনও সঙ্গত নহে। আর যদি ঋষি প্রদর্শিত গার্হস্য ধর্ম্মের উন্নতিকল্পে পুৎনামক নরক হইতে উদ্ধার লাভ করিবার জ্বন্য, ঐ আসঙ্গ-লিঙ্গা হইয়া থাকে, তবে সেই মহাপুরুষদের প্রবর্ত্তিত আজীবন ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া শরীর ও মন স্বস্থ এবং সতেজ রাখিয়া বিবাহিত জীবন যাপন করিবার জন্ম স্ত্রী পুরুষ উভয়ে প্রস্তুত হইবে, তবেই পরিণামে শান্তি পাইবে—মুক্তির পথ প্রশস্ত হইবে। বশিষ্ঠ, বিশ্বামিত্র প্রভৃতি ঋষিগণের বংশধরগণ কি তাহাদের প্রদর্শিত মঙ্গলময় পথে তাহাদের আদর্শে জীবন্যাপন করিবার প্রত্যাশা করিবেনা! কাল প্রভাবে স্থপথভ্ৰষ্ট মানব চেষ্টা করিলে এখনও ঐরপ জীবনযাপন অনেকটা সাধ্যায়ত্ত্ব বলিয়া অনুমান করিতে পারে, এরূপ দৃষ্টান্ত বিরল নহে। বর্তমান

সময়েও এরপ লোক দেখিতে পাওয়া যায়, যাহারা এই ব্রহ্মচর্য্যের প্রভাবে জীবনের প্রভূত উন্নতিসাধন করিতেছেন। স্ত্রী পুরুষ একত্রিত-করণে বিবাহবন্ধনে যে দাম্পত্যজীবন সংঘটিত হয়, তাহাই ধর্মজীবন্যাপনে গৃহীর প্রকৃষ্ট পথ বলিয়া নির্দ্ধারিত। এই পথ অবলম্বন করিয়া মুনি ঋষিগণ তাহাদের সাধনায় সিদ্ধিলাভ করিয়া অমরত্ব লাভ করিয়াছেন। এই দাম্পত্য জীবনে যাহাতে কোন প্রকার দোষ না স্পর্শে, তৎজন্য উভয়েই সাবধানতা অবলম্বন করিবে। এই সাবধানতাই ভালবাসার উপর প্রতিষ্ঠিত হইয়া ক্রমে উহা অতি সহজেই গার্হস্তু জীবনে সিদ্ধিলাভ ঘটাইয়া বিশ্বপ্রেমে মানবকে উদুদ্ধ করিয়া তোলে।

নারীর বৈশিষ্ট্য জননে

সমাজে বিবাহের দ্বারা নারী জায়ারূপে পরিচিতা হয়। জায়ার প্রকৃতিগত বা ধাতুগত অর্থ যাহাতে নিজেকে জনান যায় সেই জায়া। তাই নারী জায়া রূপে জাতির জন্ম তিরূপণ করে ও বৃদ্ধি সাধন করে। এজন্ম নারী যেমন ব্যষ্টির জননী, তেমনি সমষ্টিরও বটে। কারণ নারী যেমন ভাবে আবিষ্ট থাকিয়া পুরুষকে উদ্দীপ্ত করে, পুরুষ হইতে সেই ভাবেই নারীতে জন্মগ্রহণ করে। তাই নারী পুরুষকে প্রকৃতিতে মূর্ত্ত ও পরিমিত করে বলিয়া জীব ও **সমাজের** মাতৃরূপে সমাদৃতা। নারীই মানুষের উন্নতি নিরপিত করিয়া দেয়, তাই নারীর শুদ্ধতার উপরই জাতির শুদ্ধতা, জীবন ও বৃদ্ধি নির্ভর করে। নারীর বিশুদ্ধতা রক্ষা করা জাতির পক্ষে কত বড় প্রয়োজনীয়, তাহা প্রত্যেক চিন্তাশীল ব্যক্তির চিন্তা করা একান্ত কর্ত্ত্য। নারীর বৈশিষ্ট্যে

আছে—নিষ্ঠা, ধর্মা, শুগ্রাষা, সেবা, সাহায্য, সংরক্ষণ, প্রেরণা ও প্রজনন। সে কোনমতেও ঐ বৈশিষ্ট্যের কোন কিছুকেই ত্যাগ করিবে না। কারণ ইহা হারাইলে তাহার আর কি থাকিবে! কুমারী মেয়েদের পিতার প্রতি অনুরক্তি থাকা, তাঁহার সহিত আলাপ আলোচনা করা—উন্নতির প্রকৃষ্ট সোপান। মাতার নিকট প্রকৃষ্টরূপে সে বুঝিয়া লইবে, তাহার নিষ্ঠা কি উপায়ে প্রতিষ্ঠা করা সম্ভব! তৎপর প্রজনন পদ্ধতি সম্বন্ধে সম্যক জ্ঞান লাভে একানুরক্তিতেই তাহার শুদ্ধতা রক্ষা করা সহজ ও সরল পথ বলিয়া ঋষিগণ নির্দ্দেশ করিয়াছেন। নারীতে প্রকৃত প্রেমের উন্মেষ হইলে, সেবাশুশ্রাষা, সংরক্ষণ পদ্ধতি, প্রেরণা দান প্রভৃতি গুণরাশি ক্রমে প্রকাশিত হইতে থাকে। তাই মনে রাখিবে নারীর বৈশিষ্ট্য রক্ষার জন্য একাতুরজি—একে শ্রদ্ধাসপান হওয়াই প্রকৃষ্ট পন্থা!

নারীর সার্থকতা বধুত্বে

যাঁহাকে বহন করিয়া নারী সর্বতোভাবে শ্রেষ্ঠকে আলিঙ্গন করিতে পারিবে বলিয়া বুঝিবে, আর এই বহন করার প্ররোচনায় নারী যেখানে মুগ্ধ, অথচ বুদ্ধ, তাহার কোমল ও উচ্চভাবরাশি যেখানে আলুলায়িত ও অবনত,—দে তথায় বধুরূপে স্বয়স্বরা হইয়া নিজেকে বর্ণাদর্শে সমর্পণ করিবে। এই প্রকার আদর্শ বরণে এ নারী সমাজে বরণীয়া ও পূজিতা হয়,—সতী হয়, এবং গরিমাময়ী হয়। তাই দময়ন্তী ও সাবিত্রীর চরিত্র

নারী সেই বা তাই যাহা ধারণ করে ও বৃদ্ধি পাওয়ায়। নারীর প্রকৃত কাজ শুধু সন্তানকে তৈয়ারী করা নয়, পুরুষগণকে ও সমাজকে শিক্ষিত করিয়া উচ্চতর সভ্যতায় পৌছানই নারীর ধর্ম। ইহা করিবার জন্ম নারী বর্ষণ করে তাহার সেহ, সংযম, আত্মত্যাগ, বিশ্বস্ততা এবং পবিত্রতা।
তাই নারীকে বধূরূপে সমাজে অবস্থান করবার
স্থাগে গৃহে গৃহে নারীর দৈনন্দিন জীবনে,
তাহাকেই সে আদর্শ প্রত্যক্ষভাবে দেখাইতে
হইবে—তার স্বর, তার দৃষ্টি, তার বাক্য ও সমস্ত
অপূর্ব মাধুর্যারাশির ইক্রজাল দিয়া—তাই বধুত্বের
বৈশিষ্ট্য।

(a)

নারীত্বে লক্ষীর আবিভাব

পুরুষ যেখানে জয়, যশ ও গৌরবের উপটোকন লইয়া আদর্শকে সার্থক করিতে উদ্দাম
হয়,—আর নারী যেখানে মুগ্ধ হইয়া ধারণ, সংরক্ষণ, প্রেরণা ও সেবাপরায়ণা হইয়া তাঁহারই
অনুসরণ করে, তাহাতেই সেইখানেই মূর্ত্তিমতী
লক্ষ্মীরই আবির্ভাব হয়। এ নারীর সাহচার্য্যে

পুরুষের কার্য্য সর্বপ্রকারে জয়যুক্ত হয়, কোন প্রকার অভাব থাকে না, তাই এমনতর দম্পতীর প্রভাবে, ঐ পরিবার উন্নত হয়, আদর্শ পরায়ন হয়,—সমাজ ও দেশ ধন্য হয়। জয়দেব ও পদ্মাবতীর জীবনে এই প্রকার আদর্শ স্থাপন করায় তাঁহারা ধন্য হইয়াছেন এবং দেশকেও ধন্য করিয়াছেন। নারী তুমি কন্যান্নপে, বধূভাবে, মাতৃত্বে লক্ষীর আদর্শ ফুটাইয়া তুলিতে ভুলিও না, সমাজ সেবাই তোমার শ্রেষ্ঠ কার্য্য।

(>0)

নারীর স্বামীর প্রতি কর্ত্ব্য

স্বামীর কর্ত্তা যেমন তাহার আদর্শের অনুকরণে মুগ্ধ হইয়া পরিবার, প্রতিজনের ও পারিপার্শিকের সেবায় নিজেকে সম্পূর্ণভাবে নিয়োগ
করা, তেমনি স্ত্রীর কর্ত্তব্য তাহার স্বামীকে আদর্শরূপে আবরিয়া ধরিয়া তাহার স্বামীর পরিবারের

সকলের সেবায় নিজেকে বিলাইয়া দিয়া জীবনের উৎকর্যলাভে তৃপ্তী লাভ করিয়া বিশ্বপ্রেমে আপ্লুত হওয়া। এই কর্ত্তব্য পালনে ব্যতিক্রেম ঘটিলে, ঘাত প্রতিঘাতে উহার ফল প্রত্যেকের বৈশিষ্ট্যকে যেমন ক্ষুন্ন করিয়া তোলে, তেমনি জীবন ত্ব্বহ হইয়া উঠে। সাবধানতা অবলম্বনে প্রত্যেকের সাতন্ত্রত্ব রক্ষা করিয়া জীবনকে স্থুখকর করিবার জন্ম প্রত্যেকের চলা, বলা ও করার উপর সম্যক দৃষ্টি রাখা একান্ত প্রয়োজন। এই প্রকার ভাবের অভাবেইত সমাজ আজ জর্জারিত ও মৃতপ্রায় অবস্থায় পরিণত হয়েছে!

বিবাহ বংশরক্ষার মূল

"পুতার্থে ক্রিয়তে ভার্য্যা"—সন্তানের জন্মই বিবাহ করা প্রয়োজন। স্বাস্থ্যবতী স্ত্রী ষথানিয়মে গর্ভধারণে সুসন্তান প্রস্ব করিয়া, বংশের ও জাতীর গৌরব বৃদ্ধি করে। এই আশায় শিক্ষালাভ করিয়া বিবাহিত জীবনের জন্ম প্রস্তুত হইবে। বংশরক্ষার জন্মই স্ত্রীলোকের স্ষ্টি। স্ত্রী আনন্দর্রপা এবং:সকল সুখের মূল। দয়া, সায়া প্রভৃতি ভাল গুণ, ভগবান্ দ্রীলোকদের অন্তঃকরণে আরোপ করিয়া এই সন্তান ধারণ ও পালনের বিশেষ ব্যবস্থা করিয়াছেন। স্ত্রী স্বামীকে বিপদ হইতে রক্ষা করিবেন, তুঃখের সময় সান্ত্রা দিবেন, এবং অক্যায় কাজ হইতে বিরত রাখিবেন। যে স্ত্রী স্বামীর প্রতি এই প্রকার ব্যবহার করেন, তিনিই পতির নিকট স্বর্গের আনন্দরপেণী দেবীরূপে গণ্যা হইয়া থাকেন। এই স্ত্রীই প্রকৃত সহধর্মিণী

বিবাহে পাত্ৰ ও পাত্ৰী নিৰ্বাচন

বিবাহ দিবার পূর্বের পাত্র ও পাত্রী নির্বাচন করার ভার অভিজ্ঞ আত্মীয়, জ্ঞাতি, কুটুম্ব প্রভৃতির উপর নির্ভর করা উচিত। অনেক সময় বয়ক্ষ পাত্র নিজেই পাত্রী দেখিয়া বিবাহ করিয়া থাকেন। এ ব্যবস্থা তেমন শুভদায়ক নহে। কারণ যুবকদের বিচারবুদ্ধি অভিজ্ঞতার দারা তেমন পরিমার্জিত নয় বলিয়া, কেবুল চোখে স্থন্দর দেখিয়াই উহারা পাত্রী পছন্দ করিয়া থাকে। অপর প্রয়োজনীয় বিষয়গুলির সংবাদ গ্রহণ করিবার আবশ্যকতা বুঝিতে পারে না। এজন্য প্রায়ই দেখিতে পাওয়া যায়, এরূপ নির্বাচনে স্বামী স্ত্রীর মিল হয় না এবং উহারা সাস্থ্যবান সাস্থ্যবতী না হওয়ায় প্রভূত কষ্টের কারণ হয়, ও পরিণামে তাহাদের বংশ-লোপ পাইয়া থাকে। বিবাহ অতি গুরুতর কাজ। এজন্য অভিজ্ঞ জ্ঞানীগুরুজনের উপর নির্ববাচন ভার অর্পণ করা সঙ্গত। অনেক সময় দেখিতে পাওয়া

যায় অর্থের লালসায় স্বার্থপর পিতা স্বাস্থ্যবৃতি কথাকে ত্যাগ করিয়া ধনবানের স্বাস্থ্যহীনা কক্মার সহিত পুজের বিবাহ দেন। এ ব্যবস্থা কোন বুদ্ধিমান পিতার পক্ষে সঙ্গত নয়। ইহার ফলে তিনি সংসারে অশান্তি ডাকিয়া আনেন এবং পরিণামে তাহার বংশ লোপ পাওয়াই সম্ভব। অতএব এরূপ ব্যবস্থা কখনও কাহারও পক্ষে সঙ্গত নহে। পুত্রের বিবাহ দিতে কেবল ধন সম্পত্তি না দেখে, নিৰ্মাল শোণিত ও পবিত্ৰ কুলশীল দেখে বিবাহ দেওয়াই উচিত। প্রত্যেকের মনে রাখা উচিত স্বাস্থ্যের প্রতি তাচ্ছিল্য করায় পরিণামে অনেক কষ্টভোগ ও অশান্তিরূপ বিষের জালায় বংশটা পর্যান্ত অস্থির হ'য়ে পড়ে। এ সংসারে স্বাস্থ্য অপেক্ষা আদরের ধন আর কিছুইনাই। যাহারা ধনের লোভে, আপনার বংশের স্বাস্থ্য বিসর্জন দেয়,তাহাদের মত তুর্ভাগ্য মহাপাপী আর জন্মায় না। সন্তান বাপ মায়ের স্বাস্থ্যের সমষ্টি মাত্র। এজন্ম বাপ মা তুর্বল হইলে, সন্তানও তদ্রপ হইবে। এই সকল বিষয় বিশেষ বিবেচনা করিয়া ছেলে মেয়ের বিবাহ দিতে হয়। যাহারা উপযুক্ত পাত্রে প্রণয় স্থাপন করিতে না পারে, তাহাদের অদৃষ্টে কখনই নির্দাল সুখভোগ ঘটে না এবং অর্থের কুহকে প'ড়ে চিরজীবনটা কষ্টভোগ করিয়া থাকে। স্ত্রী পুরুষের স্বাস্থ্য ভাল না থাকিলে বিবাহের উদ্দেশ্য দিদ্ধ হয় না। আমাদের দেশের লোকে, আজকাল বিবাহটাকে পুতুল খেলা করিয়া তুলেছে। পূর্বকালে কিন্তু এরূপ ব্যবস্থা ছিল না, —তাই তাহাদের শত-বর্ষ পর্মায়ু ছিল। মন্থ- সংহিতায় ৯ম অধ্যায়ে ২৭, ২৮ শ্লোক স্ত্রীর নিম্বিধ কর্ত্ব্য নির্দ্ধারিত আছে।

উৎপাদনমপতস্থা জাতস্থা পরিপালনম্। প্রত্যহং লোক যাত্রায়াঃ প্রত্যক্ষং স্ত্রী নিবন্ধনম্॥ অপত্য ধর্মকার্য্যানি শুক্রাষা রতিরুত্তমা। দারাধনস্তথা স্বর্গঃ পিতনামাত্বনশ্চহ॥

সন্তান জন্মান, তার প্রতিপালন, প্রতিদিন অতিথি ও আত্মীয় স্বজনকে ভোজন প্রদান, গৃহস্থালীর কাজ করা, ধর্মকার্য্য, পরিচর্য্যা, বিশুদ্ধ-বতি. পিতদিগের এবং নিজের সন্তানাদি জন্ম দারা স্বর্গভোগ এই সকল গুরুতর কাজ স্ত্রী ভিন্ন হ'তে পারে না।

স্ত্রী পুরুষ মিলিত হয়ে ধর্ম্ম, অর্থ এবং কাম্য বিষয় সম্পন্ন করবেন—এইটী শাস্ত্রের ব্যবস্থা।

(50)

বিবাহে স্বয়ম্বর প্রথা

পুরাকালে ভারতবর্ষে স্বয়স্বর প্রথা প্রচলিত ছিল। এই প্রথান্তসারে প্রাপ্ত বয়স্কা কুমারী যুবতী নিজ নিজ স্বামী নির্বাচন করিতেন। তৎকালে স্ত্রী পুরুষ উভয়েই ব্রহ্মচর্য্যাশ্রমে অবস্থান করিয়া প্রকৃত শিক্ষাদীক্ষা লাভ করিতেন। এই শিক্ষার প্রভাবে, তাহারা নিজ নিজ স্বামী নির্বাচন করিতে প্রয়াস পাইতেন এবং মাতাপিতা তাহাদের এই নির্বাচন বিষয়ে উপদেশ প্রদান করিয়া ভবিষ্যতে কন্তা যাহাতে সংসার সাগরে স্বামীর

প্রকৃত সহধর্মিণী হইতে পারে তাহার ব্যবস্থা করিতেন। বর্ত্তমানে উপযুক্ত শিক্ষার অভাবেই, এই প্রথা প্রচলিত হয় না। কিন্তু প্রকৃত শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গেই এইরূপ প্রথা ক্রমে প্রচলিত হইবার আশা করা যায়। কন্যা নিজের পরি-মার্জিত বুদ্ধির দ্বারা যে পর্যাস্ত চলিতে না শিথিবে, সে পর্যান্ত এই প্রথার প্রচলন হওয়া উচিত নয়।

মাতাপিতার প্রধান কর্ত্তব্য প্রত্যেক মেয়েকে নিয়মিতভাবে -শিক্ষা দিবার ব্যবস্থা করা এবং যখন ঐ কন্যা ভাহার ভালমন্দ বিচার করিতে সক্ষম হইবে, তথন তাহার ভবিষ্যৎ জীবনে যাহাতে শান্তি পাইতে পারে, তদন্তরূপ উপদেশ প্রদান করা। বিবাহের বয়স হইলে, মাতা কন্যার মতামত অবগত হইয়া স্বামীর সহিত প্রামশ করিবেন। পরে ভবিষ্যুৎ দম্পতীর মঙ্গলামঙ্গল বিবেচনা করিয়া কন্যাকে স্বয়ম্বরা হইবার জন্য উপদেশ প্রদান করিবেন। এরূপ বিধানে কন্যার নিজের কোন পরিতাপের কারণ থাকে না এবং পাত্রও বিশেষভাবে স্বাস্থ্যবান ও চরিত্রবান হ'য়ে ঐরপ রপগুণসম্পন্ন! যুবতী নির্বাচনে সংসারে উন্নতিলাভ করিতে সমর্থ হন।

প্রত্যেক কুমারী তাহার সমবয়সী মেয়েদের বিবাহ উপলক্ষে উহাদের বরের নৈতিক ও মানসিক বৃত্তিগুলি লক্ষ্য করিবে এবং তদনুযায়ী মনে মনে তাহার অভিপ্রেত সামীর গুণাগুণ সম্বন্ধে আলো-চনা করিবে। পরে সম্বন্ধ উল্লেখ হইলে স্বিশেষ অবগত হইয়া নিজের মতামত প্রকাশ করিবে। অবশ্য মাতাপিতা তাহার শুভাশুভ বিবেচনা করিয়া কন্সার অমতে বিবাহ দিবেন না, তবে এ বিযয়ে তাঁহাদের অভিজ্ঞতার উপর নির্ভর করাও মেয়ের পক্ষে খুব সঙ্গত। এজন্য মাতার নিকট সকল বিষয় প্রকাশ্য ভাবে বলিয়া তাঁহাদের মতামতের উপর নির্ভর করাই উচিত। কারণ যৌবন সমাগমে মানসিক উত্তেজনায় অনেক সময় বুদ্ধি-ভ্রম হওয়ায় মেয়েরা বা ছেলেরা নিজেদের বিবেচনা বুদ্ধি পরিচালন করিতে অক্ষম হয় এবং এজন্য পরিনামে প্রভূত অশান্তির কারণ হইয়া থাকে।

দময়ন্তী, সীতা, সাবিত্রী প্রভৃতি প্রাতঃস্মরণায়া রমণীগণ যে প্রণালীতে পতি নির্কাচন করিতেন, তদমুরূপ উপায় অবলম্বন করাই সঙ্গত। কিন্তু পুস্তক পাঠ করিয়া যে আদর্শ চরিত্রের কল্পনা করা সম্ভব হয়, বাস্তব জীবনে তাহার অন্সরূপ দেখা যায়। অতএব সকল বিষয় বিশেষভাবে বিবেচনা করিয়া বাস্তব জীবন যাপনের উপকরণ সংগ্রহ করা উচিত। কুমারী নিজের চরিত্র, মন প্রভৃতি যে ভাবে গঠন করিবে, ঠিক তদনুযায়ী তাহার স্বামীর নিকট আশা করিতে পারে। কিন্তু তাহার মনে রাখা উচিত, নিজে যেরূপভাবে নির্বাচন করিতে প্রয়াস পাইবে, তাহার ভাবী স্বামীও তাহার নিজের অহুরূপ নিকাচন করিতে চেষ্টা করিবে। উভয়ের ভাব এবং চরিত্রের সামঞ্জা থাকিলেই তাহাদের দাম্পত্য জীবন খ্রীতিপ্রদ ও শান্তিময় হওয়া স্বাভাবিক। সাম্যাক উত্তেজনার বশবর্তী হইয়া কাহারও পক্ষেই, তাহার জীবনসঙ্গী নির্কাচন করা কোনও প্রকারে যুক্তিসঙ্গত नदश् ।

সন্মিলিত দম্পতীর স্বাস্থের উপরেই ভবিষাৎ বংশের স্বাস্থ্য সম্পূর্ণ নির্ভর করে। এজন্য পতি বা পত্নী নির্কাচনে স্বাস্থ্যবান বা স্বাস্থ্যবতীকেই নির্কাচন করিবে। যক্ষ্মা (Pthysis), কর্কটরোগ (Cancer), গলগণ্ড (Scrofula), মস্তিক্ষের বিকৃতি (Insanity), কুষ্ঠরোগ (Leprosy), উপদংশ (Syphilis), অথবা সংক্রোমক পাতুরোগগ্রস্ত (Gonorrhea) যুবক যুবতী বিবাহের অযোগ্যা বলিয়া সর্বদা মনে রাখিবে। এতদ্বাতীত আরও অনেক পীড়া আছে, যাহাতে উভয়ের স্বাস্থ্য খারাপ হওয়া স্বাভাবিক।

পূর্ব্ব পুরুষের এমন অনেক রোগ থাকিতে পারে যাহা বংশ পরম্পরায় পুত্রপৌত্রাদিক্রমে সংক্রামিত হইয়া থাকে। এজন্য পাত্র পাত্রী নির্বাচনে পারিবারিক চিকিৎসকের সহায়তা গ্রহণ বাঞ্জনীয়।

নারীর বিবাহে বরণাধিকার

নারী যখন গর্ভধারণক্ষম হয়, তখন প্রকৃতি তাহাকে পুরুষ মনোনয়নের ক্ষমতায় অধিরাঢ় করিয়া তোলে। আর নারী যদি স্বেচ্ছামত মনোনয়ন করিতে চায়, তখনই কেবল সে তা' পারে। অশুথায় মাতাপিতা তাঁহাদের কন্যার জন্য, সর্বতোভাবে শ্রেষ্ঠ দেখিয়া যাহাকে বরণ করিবেন, তিনিই কন্যার বর বলিয়া পরিগণিত হইবেন, ইহাই শাস্ত্রের নীতি। শাস্ত্র অভিজ্ঞতার উপর প্রতিষ্ঠিত ঋষি প্রদর্শিত ব্যবস্থা মাত্র। স্বয়ম্বর প্রেথা এই নীতি বা শাস্ত্র বাক্যের উপর প্রতিষ্ঠিত, তাই এই প্রথা প্রত্যেক নারীর অব্যশ্য বোধে অনুধাবনীয়।

নারীর বরণাদর্শ

যদি কোন পুরুষের আদর্শান্তপ্রাণতা ও সকল প্রকারের শ্রেষ্ঠত্ব কোন নারীকে প্রদাভক্তিতে অবনত ও নতজাত্ব করিয়া তার সেবায় কুতার্থ হয়—অন্তর হইতে মুখে যার স্তৃতিগান উপচিয়া উঠে,—তাকে সেবরণ করিতে পারে—আত্মদান করিতে পারে। (যেমন দময়ন্তী বা সাবিত্রীর ঘটেছিল) কারণ এইরূপ পুরুষের স্ত্রীত্ব লাভ করিয়া স্তৃতি ও সেবায় ধন্য হওয়াই স্বাভাবিক।

(১৬)

বরবরণে অসংস্রব

যদি উপযুক্ত স্বামী লাভ করিতে চাও—পুরুষ হইতে দূরে থাকিও, এবং কাহাকেই স্বামীভাবে কল্পনা করিও না। কারণ এরূপ অবস্থায় মন কামলোলুপ হইয়া তোমার দৃষ্টিকে অস্থ করিয়া তুলিবে—কিন্তু যাহাকে স্বামী করিতে চাও, তাহার ইষ্ট্র, আচার, বংশ, যশ, স্বাস্থ্য, শ্রুদ্ধা, জ্ঞান প্রভৃতি তোমার কাম্য, সহনীয় বহনীয় কিনা বুঝিবার চেষ্ট্রা করিও এবং মঙ্গলাকাজ্ফী গুরুজণের সহিত আলোচনা করিও—প্রাপ্তিতে ভ্রান্তি কমই ঘটিবে।

(59)

নারীত্বে—প্রেমের উৎস

ভালবাসা বা প্রেম চায় তার প্রেমাপদকে নিজের যা কিছু তাহা নিংড়াইয়া জীবন, যশ ও বৃদ্ধিতে প্রতিষ্ঠা করিতে। প্রেমাপদই তাহার পরম স্বার্থ। সে চায় না তা, যা নাকি তার প্রিয়কে স্বার্থক মণ্ডিত না করে। সে তার জগৎ খুজিয়া যাহা জীবন, যশ ও বৃদ্ধির অনুকৃল বুঝিতে পায়, তাহাই আনিয়া প্রেমাপদকৈ সাজাইয়া নিজেকে স্বার্থক বিবেচনা করিবে,—আর ইহাতেই তার পুষ্টি, তৃপ্তি

ও মুক্তি। সে স্বাধীন হইতে চায় না—সে চায়— প্রিয়ের অধীনতা, প্রিয়ের সেবাই তার ধূর্ম, অর্থ, কাম, মোক্ষ, এমনি ভাবেই প্রেমিক তার প্রিয়কে তোষে। জ্ঞানে, কর্ম্মেও জীবনে ঐশব্যে, প্রতুল করিয়া তুলিয়া অজ্ঞাতসারে নিজেও তাহাতে প্রতিষ্ঠিত হয়, তাই প্রেম নিস্পাপ ও মহান আদর্শরূপে তাহার নিকটে প্রকটীত করিয়া তোলে,—যে তাহাতেই তাহার আত্মানে তৃপ্তি বোধ করে। সে তুনিয়ায় আর কিছুতে তৃপ্ত হয় না, তাই সাধক কবি,চণ্ডীদাস তাহার জীবনের উৎকর্ষতা লাভ করিলেন ঐ রামীর বিশুদ্ধ ভালবাসার ধারায় আপ্লুত হইয়া— তাই রামী বুঝিয়াছিল "**সেবার উপরে মানুষ** সত্য তাহার উপরে নাই।" মানব জন্ম শ্রেষ্ঠ জন্ম। ইহার তাৎপর্য্য এই যে সে তাহার পুরুষ-কারের দারা কর্মফলের গতি পরিণতি সাবতীর মত পরিবর্ত্তিত করতে সক্ষম হয়। জীবনকে উন্নতীর চরম সীমায় পোঁছাইয়া প্রেমাঞ্চতে ভগবৎ কুপায় অনস্তের আস্বাদন পাওয়াইয়া পরিতৃপ্ত

হইতে পারে। তাই সাধক তাঁহার আদর্শের দিকে পাগলের ক্যায় ছুটিয়া এই ছনিয়াটাকে তুচ্ছ জ্ঞান করে।

(36)

নারীত্বে-কামের বিকার

কাম চায় কাম্যকে চাহিবার মতন উপঢৌকন পেতে, সে কাম্যকে সংবৃদ্ধ করিবার বালাইকে বহন করিতে একদম নারাজ,—যদি তাতে তাহার ভোগের কোন প্রকার ব্যতিক্রম নাঘটে। তাই কাম মানুষকে মুঢ় করিয়া তার জগৎ হইতে চুরি করিয়া তত্টুকু পর্যাস্ত তাহার সীমায় আবদ্ধ রাখিতে চায়, যত্টুকু ভোগ লিপ্সা তাহাকে যেমন-তর উদ্দীপ্ত করিয়া রাখে;—আর তার অবসানেই সবই অবসান হয়,—এইজন্ম তার বৃদ্ধি নাই, জীবন ও যশ সঙ্কোচশীল, এবং তমসার অতল গহবরে মরণ প্রহেলিকায় তার স্থিতি—তাই সে পাপ,—সে তুর্বল, অবসর ও অজ্ঞতায় ঘেরা থাকে। প্রেমের প্রভাবে কামকে যে জয় করিতে পারে সেই প্রকৃত মানুষ।

(\$\$)

কাম দমনে প্রেমের জয়

প্রেমকে অবলম্বন না করিয়া কামকে যে দমন করিতে প্রয়াস পায়, সাধারণতঃ বিকট উত্থানে কামই তাহাকে বিদ্ধস্ত করিয়া থাকে। তাই রামক্রম্ণ দেব বলিয়াছেন—"কাম কাঞ্চন হ'তে তফাৎ, তফাৎ, খুব তফাৎ, জলমগ্ন নারীকে পুরুষের উদ্ধার করার অধিকার ততক্ষণ হয় না, যতক্ষণ সে প্রকৃত প্রেমে উদ্বেলিত হ'য়ে জীবনে উৎকর্ষতা এনে এ নাড়ীকে মাতৃরূপে গ্রহণ করিতে না পারে"। তাই প্রেমের প্রতিষ্ঠা

মানুষ চেষ্টা করিলে কামকে বসে আনিতে পারে এবং প্রেমের রাজ্যে বিচরণ করা তার পক্ষেই সম্ভব। তাই শাস্ত্রকার বলিয়াছে—দেবদেহ ভোগ—দেহ, মনুষ্য দেহই জীবনের উৎকর্ষ সাধনের একমাত্র আধার। তাহাকে হেলায়, অশ্রন্ধায়, বিব্রত ও অস্বস্থ করিয়া তুলিও না। বিপদ ত আসবেই, তাতে ঘাবড়ে গেলে চলবে কেন! ভগবানের চরণে আত্মমর্পন করিয়া নিজ নিজ চেষ্টার দ্বারা জীবনকে উরত্ব করিয়া ঐ পরম প্রেমাম্পদের বিধান মত চলিলে, চিরশান্তি প্রতিষ্ঠিত হয়, তবে কোন আহাম্মক কামের কুহকে পড়িয়া হাবু ভুবু খায়!

অক্তকাৰ্য্যতায় কৰ্ত্ব্য নিৰ্দারণ

যে অকৃতকার্য্যতা, কর্ম্মের ভ্রান্ত পরিবেশনে মাথা তুলিয়া মূঢ় প্রলোভনে বার বার তোমাকে ব্যর্থ করিয়া তুলিতেছে,—আর তাহাকে যদি কোন মতে আয়হাধীনে আনা সম্ভবপর না হয়,—তবে ঐপ্রচেষ্টাকে অমন ভাবে নিয়োগ করার প্রয়োজন থাকে না। অতএব কর্ত্ব্যক্তানে কৃতকার্য্যতার জন্য, এমনতর কাহ্য-পদ্ধতি পরীক্ষাপূর্বক অপর উপায় অবলম্বনে ধৈর্য্যপূর্বক অনুসন্ধান করিবে। ইহাই জীবন সাফল্যের একমাত্র সুকোশল। বরং নূতন উভামে, নূতন আলোকে প্রচেষ্টাকে নিয়ন্ত্রিত করিয়া নূতন পথে চালিত করাই সঙ্গত ব্যবস্থা। এই প্রচেষ্টায় যাহা ব্যর্থ বলিয়া মনে হইবে, তাহাই সার্থক করিয়া ভোলা মানুষের ধর্ম। অন্যথায় ঐ ব্যর্থ বিকৃত অকৃত-কার্য্যতাই তোমার মস্তিক্ষে ব্যর্থ বেদনার রেখা অঙ্কিত করিয়া রাখিবে, যাহাতে জীবনের শেষ নিঃশ্বাস ব্যৰ্থতায় বিলীন হওয়া ছাড়া অন্য কোন উপায়ই থাকে না।

শয়তানের কুহকজাল কর্ত্রন

মানুষ যদি এমনতর কিছুতে লুক হইয়া, তাহার আদর্শকে অতিক্রম করে, এবং তাহা যদি তাহার আদর্শকে লক্ষ্য না করে—প্রতিষ্ঠাও না করে,—তবেই বৃঝিবে শয়তানের কুহকে সে মুগ্ধ ও লুক হইয়াছে,—ধ্বংস তাহার অনিবার্য্য। কিন্তু সুবৃদ্ধি প্রভাবে সাবধানতা অবলম্বনে আদর্শকে স্মরণ করিয়া তথনও ফিরিলে নিরন্তরতাকে—স্পর্শ করিতে পারে না, এবং জীবনের উদ্দেশ্যও ব্যর্থ হয় না।

বিবেক বাণী

পারিপার্শিকের সাড়া—যাহা স্মৃতি ও জানা হইয়া মস্তিক্ষে অবস্থান করে—ও যাহা সহজ সরল ভাবে, অবস্থাপরস্পরায় কর্ত্ব্য নির্দ্ধে করিয়া অনুধাবন করায়,—তাহাই বিবেক বা বিশ্বস্থার বাণী। এই বিবেক-বাণী অনুধাবন করাই যার প্রকৃতি, তিনি বিবেকী। সংসারীর পক্ষে বিচার-পূর্বক বিবেক-বাণী অনুসরণ করাই কর্ত্তব্য। কারণ ইহা কর্মের স্থকৌশল নির্দেশকারী অমোঘ পদ্ধতি।

(২৩)

প্রিয়ের—যাজনে উন্নয়ন

প্রেম মানুষের অন্তরকে উজ্জ্বল করিয়া পারিপার্শ্বিকে উৎসারিত হইয়া প্রিয়কে সেবা ও যাজনে
প্রতিষ্ঠা করে। এই লক্ষণ ষাহাতে নাই,
তাহাকে সন্দেহ করিও এবং বুঝিতে চেষ্টা করিও।
স্বতঃ উৎসারিত প্রেমাস্পদের গুণগান,—আর তার
যাজনে যদি স্বভাবসিদ্ধতার টান বা ভালবাসার
একটা চরিত্রগত লক্ষণ উপলব্ধি করিতে পারা
যায়,—তবেই বুঝিবে প্রেমাস্পদকে লইয়া সে
সুস্থ ও দীপ্ত আছে।

সংশয়ে—বিচার বুদ্ধি

সংশয়শীল নিয়ত উন্নতিপ্রবণতাকে সন্দেহ
করিয়া কর্মানিরন্ততায় নিজেরই বিনাশকে ভাকিয়া
আনে। কিন্তু বিবেকের আশ্রয় লইলেই দর্শনের
বা জ্ঞানের পাল্লা বাড়িঙ্গা অদৃষ্ঠকে দৃষ্ট করিয়া দেয়,
—তাই বিচার বৃদ্ধির আশ্রয় গ্রহণ করাই একমাত্র
কর্ত্র্য। অভ্যাস করিলে বিবেক বাণী স্বতঃই উদয়
হয়, এবং তাহার অনুসরণ করাই জীবের ধর্ম।
কারণ বিবেক পরিচালিত বৃদ্ধিই কৃতকার্য্যতার
প্রস্তি।

অবলম্বনে—আশ্রয় ও আসক্তি

সাপ্রায় বলিয়া অবলম্বনে তেমন সাকর্ষণ থাকে না,—ভাই আসক্তিরূপে অবলম্বন করায় সাকর্ষণে জীবন উন্নতিমুখ হয়। প্রথম অবলম্বনে সাদর্শের আকর্ষণে চরিত্র রঞ্জিত নাও হইতে পারে,—কিন্তু পুনঃ পুনঃ অবলম্বন করিবার প্রচেষ্টায় তাহা হওয়া থুব স্বাভাবিক। কিন্তু ইহা আদর্শের নিকট আসক্ত ব্যক্তির ক্ষমতার উপর নির্ভর করে।

(२७)

সন্দিশ্ধ আসক্তি

নিজের কাহারও প্রতি ভাব ভক্তি ভালবাসা ইত্যাদিকে অস্বীকার করা বা সন্দেহ করা বা বিশ্লেষণ করা, আর জীবনের উৎসকে আস্তাকুঁড়ে হটাইয়া দেওয়া প্রায় একই। স্বাভাবিক গতি পরিণতির প্রতি লক্ষ্য রাখিয়া জীবনের সার্থকতা আনয়ন করা প্রধান কর্ত্তব্য। রত্নাকর, জগাই মাধাই, বিল্বমঙ্গল, গিরিশ ঘোষের জীবনের গতি পরিণতি দেখিতে চেষ্টা করিলেই আসক্তির পরিমাণ কি ভাবে তাঁর কুপায় পরিবর্ত্তিত হয়, তাহা অনুধাবন

ভাব--চরিত্রে ও চলনে

যেমনতর ভাব যখন যেমন ভাবে মানবে অধিষ্ঠিত থাকিবে, তাহার চিন্তা, চলন ও ভাষা সাধারণতঃ তেমনই হইবে। আর ইহা যতই উন্নত হটয়া তাহাতে সমাহিত থাকিবে, তাহার চিন্তা, চলন ও বলা তেমনতর উন্নত ধরণের হইবে। শোকার্ত্তের অভিব্যক্তি ও আনন্দিত প্রেমিকের ভাব সম্পূর্ণ পৃথক ভাবে একই জীবনে অবস্থার প্রভাবে প্রকাশ পায়। এই স্বাভাবিক অভিবক্তির ভিতর দিয়াই দেই জগদানন্দাগকারী শ্রীভগবানের নিৰ্দেশ বাণী প্ৰচারিত হয়,—তাই ভাব, ভাষা, ওচলন পদ্ধতি লক্ষ করিয়াই বুদ্ধিমান তাহার জীবনের গতি পরিণতি নির্দ্ধারিত করিয়া লয়। তাই বৰ্ত্তমান যুগপ্ৰবৰ্ত্তক ঋষি বলিতেছেন—

'তোমার পারিপাশিকের কোন একেরই হউক বা বহুরই হউক, সহাত্তুতি সম্পন্ন মনোযোগ সহকারে ভাব ও চলন দেখিয়া ঠিক করিয়া নিও— কি রকম ভঙ্গীতে তার সহিত কথা বার্ত্তা ও ব্যবহার করিলে, তাহার হৃদয়কে তোমায় আদর্শে জয় করিতে পার ;—তোমার সেবা তাহার প্রতি তেমনতর ভাবে নিয়ন্ত্রিত করিয়াই চালাও।"

জীবনে—দৈব ও পুরুষকারের প্রভাব

সহজ সরল বৈশিষ্ট্য সন্তুত সংস্কার যাহা লইয়া
মানুষ জন্মগ্রহণ করে, এবং যাহার ফলে পারিপার্ষিক তাহাকে যেমনতর কবিয়া গ্রহণ করে
তাহাই দৈব। আবার ঐ বৈশিষ্ট্যনিহিত ক্ষমতা
যাহা মানুষকে প্রকৃতস্থ করিয়া ও পারিপার্ষিককে
চালনা করে,—তাহাই পুরুষকার। যে ঘটনা
সংঘটিত হওয়ার কোন কারণ সাধারণতঃ মানুষ
দেখতে পায় না, তাহাই দৈবক্রমে ঘটিতেছে বলা
হয়। বাস্তবিক কারণ ছাড়া কার্য্য ঘটে না,—
তবে ঐ কারণ কেহ বুঝিতে পারে, আবার
অনেকে বোঝে না। সাবিত্রীর পুরুষকারে দৈবের

প্রভাব ছিল না, এমন কথা বলা চলে না। পূর্বে পূর্বে জন্মের কর্মফলে দৈব কর্ম সংঘটত হয়, ইহা ঋষিগণ প্রকাশ করিয়া গিয়াছেন।

(६६)

জীবনে--আধ্যাত্মিকতা

জীবনের অস্তিত্বকে অধিকার করিয়া যে ভাব ভদ্ধারা অনুপ্রাণিত ও নিয়ন্ত্রিত হইয়া চিন্তা, চলন ও কর্মে প্রতিফলিত হয়, তাহাই বস্তুতঃ জীবনের সাগ্যাত্মিকতা। প্রত্যেক গৃহী সম্যকরূপে এই ভাবের উৎকর্যতা আনয়ন করার চেষ্টা করিয়া সাফল্য লাভ করিবে। এই ভাবই মান্বের মুক্তির উৎস। সংগুরু ত্রিকালজ্ঞ অভিজ্ঞ ব্যক্তি। তিনি ইচ্ছাপুর্বক প্রত্যেকের জীবনের গতি পরিণতি নির্দ্ধারিত করিতে পারেন। তাঁহার নিদ্দেশ্যত জীবনকে চালনা করিলে, মানুষ কুতার্থ হয়। কারণ অধ্যাত্মতত্ম তথন তাহার নিকট গুরুর কুপায় প্রকট হয়।

গৃহস্থের ধর্ম—–দেবা

যে বাক্য, ব্যবহার ও কর্মা দ্বারা মানুষ বা জীব সুস্থ, পুষ্ট ও উন্নত হয়, তাহাকেই দেবা বলে। অর্থাৎ যাহা পারিপার্শ্বিকে স্কুস্থ, সবল ও বৃদ্ধি-শীল রাথে তাহাই সেবা ধর্ম। যে নিজের জীবনকে সাফল্যমণ্ডিত করিতে চায়, সে অপরের জীবন ও বৃদ্ধির অনুকূল হইবেই। তাই অন্সের সেবায় তার আত্মার বা নিজের তৃপ্তি বোধ করে। নিজের জীবনকে উন্নত করিয়া আদর্শ প্রতিষ্ঠায় একাগ্রভাবে নিষ্ঠার সহিত চেষ্টা করিলেও জগতের মঙ্গল হয়। আবার পরের ত্থে কণ্টের সমাধান করতে আকুল প্রাণে চেষ্টা করলেও নিজের তুর্বলভা নষ্ট পায় এবং অজ্ঞাতসারে নিজের মঙ্গল করা হয়। প্রকৃতভাবে সেবা করাই মানবের কর্ত্তব্য ।

গৃহীর ধর্মা কর্মা

ধর্ম বলিতে সাধারণতঃ যাহা ধরিয়া রাখে তাহাই বুঝায়। অর্থাৎ যাহাতে আমাদের বাঁচিয়া থাকা ও বৃদ্ধি পাওয়া অটুট থাকে বা যাহা করিলে কিম্বা যাহাতে আমাদের পারিপার্শ্বিককে লইয়া আমরা জীবনের উপর দাড়াইয়া উন্নতিতে অবাধ হইতে পারি, তাহাই মাহুষের সহজ সরল ধর্ম। ইহার ব্যতিক্রমই অধর্ম বা পাপ। ধর্মাত্মষ্ঠান বিবেক বাণীর অনুসরণে প্রতিষ্ঠিত হয়। এই ধর্মা রক্ষা করার জন্ম ঋষি বাক্য শরণ করঃ—"করায় আর বলায় তুমি চলতে থাক ঠিক তেমনিতর চাল চলন নিয়ে—যেন তুমি আপ্রাণ ও অটুটভাবে আদর্শ-প্রাণ—আর ভাবও তুমিই তাই—ইহাই গৃহীর করণীয় কর্মা, যাহা ভাহার জীবনে আধ্যাত্মিকতা ফুটাইয়া তুলিয়া সুদৃঢ়ভাবে ধারণ করে ধতা হয়।

''তোমার মনে কি আছে, কিস্বা মনে তুমি কেমনতর, তার প্রতি কোনরূপ থেয়াল না ক'রে— য' করণীয় **তেজ, উল্লয় ও নিরন্তরতাকে** নিয়ে বিবেচনার সহিত করে' যাও!'' **ইহাই গৃহীর** ধর্মা কর্মা।

"এই করতে গেলে—তার রাস্তায় ছটো বিপদ আসতে পারে—একটা"go between"আর একটা Lividoর distortion—ঘাবড়ে যেওনা,—একটু দৃষ্টি রেখো তাদের প্রতি—কৃতকার্য্যতা কৃতার্থকে নিয়ে তোমাকে সার্থকতার সম্রাট্ করে রাখবে!"

(৩২)

গৃহীর ব্রহ্মচর্য্য

মানুষ, জীব বা জীবন যেমন করিয়া বৃদ্ধির দিকে অগ্রসর হয়, তেমনতর চলা, বলা বা করাকেই এক কথায় ব্রহ্মচর্য্য বলে। ব্রহ্মচর্য্য অর্থে ব্রহ্মে চরণ করা বুঝায়। ব্রহ্ম কথাটা আসিয়াছে, বৃন্হ্ ধাতু (বৃদ্ধি পাওয়ার ভাব) হইতে। স্ত্রীর প্রতি যদি মন নিয়ত কামনাসক্ত না থাকে, এবং সেই স্ত্রী যদি পুরুষের ব্রহ্মচর্য্যের সহধর্মিণী হয়, অর্থাৎ জীবনের বৃদ্ধি ও উন্নতির সহায়ক হয়, তবেই ব্রহ্মচ্য্য প্রতিষ্ঠা হয়। অতএব বিবাহ পদ্ধতি দারা গৃহী ব্রহ্মচর্য্য প্রতিষ্ঠার চেষ্টা করিবে। এই ঋষিবাক্য অনুসরণ করা কর্ত্রা। মানুষ যখনই বিস্তার মুখতা—বৃদ্ধি বা উন্নতি-প্রবণতা হইতে বিরত হইয়া কামিনীমুখী হয়, এবং ভোগলালসাতে মত্ত হয়, তখনই ব্রহ্মচর্য্যের বিক্ষেপ হয়। আর যখনই স্ত্রী পুরুষের বিস্তারমুখতার অনুগামিনী স্বার্থককারিণী হওয়াটাই তার জীবনের সুখ এবং স্বার্থকতা মনে করে, তখনই এই উচ্চ ভাব ও উচ্চ সংসর্গ-জনিত যে সহজ কামের উন্মেষ হয়, তাহাতে প্রায়শঃই মানুষ তুর্বল হয় না। কিন্তু কামিনী যেখানে কামেরই কেন্দ্র হয়, মানুষ দেখানে মূঢ় হইয়া উঠে, এবং বুদ্ধিজ্ঞংশ হয়। তাই সে উন্নতিতে সার্থক হওয়ার বা বৃদ্ধি পাওয়ার আকুতি লাঞ্তি হইয়া অবসন্ন হইয়া দাঁড়ায়। তখন অজ্ঞানতায় তার জগৎ সঙ্কীর্ণ হইয়া উঠে,— অবশেষে মৃত্যুতে তার শেষ নিঃশ্বাদ বিলীন হইয়া

যায়,— তাই যে বৃদ্ধি স্ত্রীতে কাম লোলুপ করিয় তোলে,—তাহা হইতে সরিয়া যাইবার জন্মই ভগবান রামক্রফ সর্বদা বলতেন—"কামিনী কাঞ্চন হইতে তফাৎ, তফাৎ, আরপ্ত তফাৎ থাক"। কাঞ্চন যেখানে ভ্রান্ত স্বার্থ অর্থাৎ পারিপার্থিকে বঞ্চিত করিয়া নিজেকে সেবা-মূড় অথচ প্রতিষ্ঠার নেশায় প্রতিপত্তি প্রয়াসী করিয় তোলে, সেই অর্থ হইতেও পরিত্রাণের জন্ম, এ সাবধান বাণী সর্বদা স্মরণ করা প্রয়োজন।

(ඉව)

নারীর নারীত্ব কি দিয়ে ?

নারী সেই বা তাই যাহা ধারণ করে ও বৃদ্ধি পাওয়ায়। এই ধারণ ও পুষ্ঠ করানতে নারীর নারীত্ব। নারীর প্রকৃত কাজ শুধু সন্তানকে জন্মান নয়,—তাহাকে মানুষ করিয়া তোলা, এবং পুরুষগণকে এবং সমাজকে শিক্ষিত করিয়া উচ্চতর

সভ্যতায় পৌছান **নারীর ধর্মা**। এই কার্য্য সাধনের জন্ম সে বর্ষণ করে' তার স্নেহ, সংযম, আতাতাগা, বিশ্বস্তা, এবং প্ৰতিতা। অতএব সমাজকে জাগ্রত করিতে হইলে, প্রতি গৃহে নারীর দৈনন্দিন জীবনে নারীকেই সেই আদর্শ প্রত্যক্ষ ভাবে প্রতিপালন করিয়া শিক্ষা দিতে হইবে ;—তার স্বরে, তার ভাষায়, তার দৃষ্টিতে, ও তাহার সমস্ত অপূর্ব্ব মাধুরীর ইন্দ্রজাল দিয়া তাহার প্রকৃত মধুর ভাব সমাজ সেবায় প্রকৃষ্টরূপে নিয়োগ করিতে হইবে। পাশ্চাভ্য আদর্শে বিলাশে মুগ্ধ হইয়া বিবিয়ানা করা এই তুর্ভাগ্য দেশের আদর্শ কখনও নয়। জাতি ও সমাজের জননী, তাহার প্রকৃত মূর্ত্তি প্রকাশ করিয়া এই তুর্গতির সময়ে একবার সন্তানের মঙ্গলের জন্ম অবশ্য আগুয়ান হইবে,—কারণ সে যে ক্রেইময়ী সহধর্মিণী ও মুক্তির আধার।

নারীর পতির প্রতি ব্যবহার

সুশ্রুতের বাণী—"পতির দোষ দর্শিনী দ্বেষ্য। কামিনীর সহবাদ পতিত্বে ক্লীবত্ব সৃষ্টি করে। আর পুরুষর্ত্তির উদ্বর্জন বিলাসিনী মনোরমা রমণী পুরুষ শক্তির অফুরন্ত উৎস''। মানুষের জীবনে নারীর এতথানি প্রয়োজন উপলব্ধি করাই প্রত্যেক প্রজ্ঞাবান লোকের সংসারাশ্রমে সর্কপ্রধান কর্ত্তব্য,—কারণ পারিপার্শিকের সচ্ছন্দতা নির্ভর করে, আদর্শ নারীর কর্ম পদ্ধতির উপর। কিন্তু বর্ত্তমান চিন্তা পদ্ধতি এবং কর্মস্রোতের যে ধারা চ্লিয়াছে, তাহাতে এইভাবের সার্থকতা কার্য্যে পরিণত করা বিশেষ কষ্ট সাধ্য হইলেও অবশ্য অবলম্বনীয়। নারীত্ব সার্থক হইবে কেমন করিয়া ? মরণোনাুখ জীবনে অমৃতের সন্ধান জানিবে কোন্ পথে, কোন নীতি অবলম্বন ক'রে, কেমন করিয়াণ জাতির ভবিষ্যত আশা ভর্ষার স্থল যুবক যুবতী একবার ভাবিয়া দেখিবে কি!

নারীত্বের পরিচয়

ঋষি বলিতেছেন— "মেয়ে জামার, তোমার সেবা, তোমার চলা, তোমার চিন্তা, তোমার বলা, পুরুষ জনসাধারণের ভিতর যেন এমন একটা ভাবের সৃষ্টি করে, যাতে তারা অবনত মস্তকে, নত জাতু হয়ে, সসম্ভ্রমে ভক্তি গদ্ গদ্ কণ্ঠে, মা আমার জননী আমার ব'লে মুগ্ধ হয়, বুদ্ধ হয়, কুতার্থ হয়, তবেই তুমি মেয়ে, তবেই তুমি সতী। এই ঋষি বাক্য সারণ করিয়া তোমার চরিত্রবল, তোমার চলা ফেরার লক্ষ্য রাখিলে, অবশ্যই এই গ্লাক্য সফল হইবে,—সর্বেকালে সর্বাবস্থায়।

এই নারীত্বের পরিচয় এমনতর ভাবে তোমার ভিতর পরিস্ফুট হউক, যাহাতে তোমার জ্যোতির্মায় মূর্ত্তি ত্বর্তির নিকট ভয়াবহরূপে প্রকাশিত হইয়া তোমার চরিত্র উজ্জ্বল ও উদ্ভাসিত করিয়া মহান আদর্শ স্থাপন করিয়া ধন্য হয়।

নারীত্বে—মাতৃভাব

জননি আমার—তুমি মানুষের মায়ের-মত আপনার হইতে চেষ্টা কর,—তা কথায়, সেবায়, ভাবনায় এবং কার্য্যে, কিন্তু মেশায় নয়—দেখবে সবই তোমার হইয়া যাইতেছে। এই প্রকার ব্যবহারে কোন কামান্ধ পুরুষ তোমার প্রতি অন্যায় ব্যবহার করিতে সাহস পাইবে না। তুমি মায়ের মত তাহাকে স্নেহ করিবে এবং প্রয়োজনমত শাসন করিবে। ইহাও ঋষি বাক্য, এবং অবশ্য পালনীয়।

(৩৭)

নারীত্বে—দেবা পরায়ণতা

সেবা মানে তাই যা মানুষকে স্বস্থ, সুস্থ, উন্নত ও আনন্দিত করিয়া তোলে। যে ব্যবহারে এই ভাবের অপলাপ হয়, তথায় সুজ্ঞাষা বা সেবার কিংবা পরিচর্য্যার কোন অর্থ হয় না। নারী সেবাপরায়ণ, তাই সমাজ সেবায় তার স্থান সর্বেচিচে অবস্থিত। নারীর সেবাই শিশুর গর্ভা-বস্থায়, জন্মেরপর ক্রমে স্নেহ ভালবাসার আবেষ্টনে জগতে প্রতিষ্ঠা পরায়ণ হয়। তাই নারী সমাজের কর্ত্ত ও নেত্রী নামে অভিহিতা ও সর্বকল্যাণ-দায়িনী শক্তির উৎস। এজন্ম তার প্রতি শ্রদ্ধা ভক্তিতে জগত অবনত হয়।

(৩৮)

সেবায়——ক্ষিপ্রতা ও দক্ষতা

মানুষের প্রয়োজনানুরপ হাব ভাবের উপর লক্ষ্য রাখিয়া ক্ষিপ্রতার সহিত দক্ষতাকে অবলম্বন করিয়া হাব ভাব দেখিয়াই যাহাতে প্রয়োজনকে অনুধাবন করিতে পার। যায়, বোধকে এমনতরই তীক্ষ্ম করিয়া লইতে চেপ্তা কর। দেখিবৈ সেবার জয়গানে তোমাকে পরিপ্লুত করিয়া তুলিবে—তুমি সেবা করিয়া ধন্য হইবে।

· গৃহস্থাঞ্জে—সুখ ও ভোগ

সুখ অর্থ তাই, যাহা সন্থা বা জীবনটাকে স্বস্থ, সজীব ও উন্নত করিয়া পারিপার্শ্বিককেআনন্দপূর্ণ করিয়া তোলে। সুখ ভোগ তখন
সেইখানে, যেখানে পারিপার্শ্বিক তাহাকে অভিনন্দিত করে। ইন্দ্রিয়ের দারা যে ভোগ হয়, তাহা
প্রকৃত সুখপ্রদ হয় না। তাহার কারণ—বিচার
পূর্বেক ইন্দ্রিয়ের সেবা করার অভ্যাস না থাকা।
কারলাইল বলিয়াছেন—"বুদ্ধির সহিত বিবেচনা
করিয়া ভোগ কর, নির্কোধের মত কুহকগ্রস্থ
হইয়া জীবনকে বিব্রত করিও না"।

 $(8 \circ)$

কুমারীর কর্ত্তব্য নির্দারণ

পিতায় অনুরক্ত থাকা, তাঁহার দেবা ও সাহচ্য্য করা,—তাঁহার সহিত আলাপ আলোচনা

করা, কুমারী মেয়েদের উন্নতির প্রথম ও প্রধান সোপান। গুরুজনের অসাক্ষাতে তাহারা বয়স্ক ছেলেদের সহিত মেলামেশা করিবে না। কারণ তাহার **নারীত্তর প্রতিষ্ঠার জম্ম** যে অভিজ্ঞতা প্রয়োজন, তাহা তখনও অজ্ঞিত হয় নাই। তাই কামলালসায় সে তাহার সর্বনাশ ডাকিয়া আনিতে পারে। বিবেচনার সহিত তাহার চলা, বলা, করার পদ্ধতি সংযত ও সুস্ভাবে পরিচালনা করাই তাহার পক্ষে সঙ্গত ব্যবস্থা। ভারতীয় ঋষি ত্রিকালজ্ঞ অভিজ্ঞতায় পরিণামদর্শী বলিয়াই এই সাবধান বাক্য প্রয়োগ করিয়াছেন। আর্য্যবংশীয়া কুমারীগণ একবার চিন্তা করিয়া ভাহাদের কর্ত্তব্য নির্দ্ধারণ করবার চেষ্টা অবশ্য করবে। কারণ তাহাদের **নিষ্ঠার** উপর সমাজ-**কল্যাণ সম্পু**র্ণ নির্ভর করে।

নারীত্বের—বৈশিষ্ট্য

নারীত্বের বৈশিষ্ট্য—তাহার বিভায়, ধর্মজ্ঞানে শুশ্রাষ্য, সেবায়, সাহায্যদানে, সংরক্ষণে প্রেরণায় ও প্রজননে। এই বৈশিষ্টোর যদি কোন অপব্যবহার হয়,ভবে প্রকৃত নারীত্বের ফাুরণ হইতে পারে না। অতএব সর্বদা এই বৈশিষ্ট্য রক্ষার জন্ম সাবধানতা অবলম্বনে সাধনা করাই নারীর নীতি। এই সাধনায় সিদ্ধিলাভে নারী দেবীতে পরিণত হয় এবং তখনই নারী মাতৃ-রূপের সাধনায় অভিভাবিকার স্তরে উন্নীত হন। নারী তাহার বৈশিষ্ট্য রক্ষার জন্ম স্বাভাবিক চেষ্টাপ্রবণ। সমাজকল্যাণার্থে পুরুষ এই বৈশিষ্ট্য রক্ষা করার জন্য তাহাকে অবশ্য সাহায্য করিবে

নারীর--পরিজনে ব্যাপ্তি

নারী তাহার নিজত্ব ও বৈশিষ্ট্যে অটুট থাকিয়া নিষ্ঠাবতী হইয়া পারিপাশ্বিকের জীবন ও বৃদ্ধিকে তাহার দেবা ও সাহায্য দিয়া উন্নতির দিকে মুক্ত করিয়া তোলে—তাই **যশস্থিনী** হয় এবং প্রত্যেকের পূজনীয়া ও নিত্য প্রয়োজনীয়া হইয়া পরিজনে ব্যাপ্ত হয়। এজন্য সমাজে শৃঙ্খলা স্থাপিত হয় ও পুরুষ শান্তি লাভ করিয়া তাহাতে তৃপ্ত হইয়া সুখভোগ করিয়া থাকে। নারীই পারি বারিক সুখ-সচ্ছন্দের উৎস —তাই তা পরিজনে ব্যাপ্তির এত আকাজ্জা। আদর্শ নারী প্রয়োজন বোধে স্বামীর কল্যাণে, পরিজন প্রতিজনের কল্যাণে নিজকে বিলাইয়া দিয়া ত্রুখ বরণ করিয়া তার প্রিয়ের মঙ্গলের জন্য উৎকণ্ঠার সহিত জীবনের শেষ নিশ্বেষ পর্য্যন্ত কর্ত্তব্য বিবেচনায় পরিজনে ইহাই ব্যাপ্ত হইয়া জীবন যাপন করিয়া থাকে। ভারতবর্ষীয় নারীর বৈশিষ্ট্য।

নারীত্বে-শিক্ষার ধারা

নারীকে শিক্ষিত করিতে হইলে ভাহার ধারা এমনতর হওয়া প্রয়োজন,—যাহাতে তাহারা বৈশিষ্ট্যে বৰ্দাণশীল, উন্নতিপ্ৰবণ ও অব্যাহত হয়। তবেই সেই শিক্ষা জীবন ও সমাজকে ধারণ, রক্ষণ, ও উন্নয়নে স্বার্থকতা আনয়ন করিতে পারে। অতএব নারীত্বের বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য রাখিয়া তাহার শিক্ষাদীকা যেমনতরভাবে হওয়া বাঞ্নীয় তাহাই করিবে। তৃতীয় পাণ্ডব অর্জুনকে যেমন মেয়েদের মত শিক্ষা অবলম্বন করে বৃহন্নলার আখ্যায় সমাজের অকল্যাণকর আদর্শ স্থাপন করিতে হইয়াছিল, বা অম্বালিকাকে যেমন প্রতিহিংসা পরায়ণ পুরুষভাব ধারণ করায় সমাজের অনেক অকল্যাণ ঘটিয়াছিল, তেমন্ত্র শিক্ষা দিবার ধারা সমাজে প্রবর্ত্তন করা কোনও প্রকারে উচিত নয়।

শিক্ষায়--ভক্তি ও ঈর্ষা

ভক্তি বা প্রেমের আকর্ষণে যে শিক্ষা উদ্ভূত হয়, তাহাই জীবন ও চরিত্রকে রঞ্জিত করিতে পারে। আর পরশ্রীকাতরতা ও হীন বোধ হইতে যাহার উদ্ভব,—ভাহা জীবন ও চরিত্রকে অল্পই স্পর্শ করে। বর্ত্তমানে বাঙ্গালী জাতির চরিত্র বিশ্লেষণ করিলে এই ভাবটিই প্রবল বুঝিতে পারা যায়,— যাহা উন্নতিতে অবাধ থাকার বিরূদ্ধভাব তাহা ত্যাগ করাই সুব্যবস্থা। অতএব ভক্তি ও প্রেমের আদর্শে এই শ্রীকৃষ্ণ-চৈত্ত্য মহাপ্রভুর দেশে প্রত্যেকেই আদর্শপরায়ণ হইবে আশা করা যায়। নারীর পক্ষে "নদের নিমাই"য়ের নিতাইএর উদাহরণ স্মরণ করিয়া চলাই কর্ত্তব্য। ঈর্যাপরায়ণ নারী কখনও সমাজের, বা পরিবারের মঙ্গল আনিতে পারে না, তাহার দারা দেশের অকল্যাণই ঘটিয়া থাকে, তাই অস্থালিকার উদাহরণ প্রত্যেকের স্মরণ করা কর্ত্ব্য। ভক্তিদারাই সমাজ কল্যাণ সম্ভব, এবং ভক্তিই বিশ্বপ্রেমের প্রস্কৃতি।

নারীত্ে—লজ্জা ও সঙ্কোচ বোধ

লজা যেখানে পুরুষের মোহকে ভাকিয়া আনে, তাহা তুর্বলতা বা স্থাকামী। নারীর লজ্জা যদি ঐ পুরুষকে সশ্রহ্ম, অবনত ও সেবা উন্মুখ করিয়া তোলে, তবে উহা প্রকৃতই তার অলঙ্কার। নারি! তুমি তোমার স্বাভাবিক লজ্জা ও সংস্কাচবোধকে হেলায় হারাইয়া তোমাকে উচ্ছুজ্ঞাল করিয়া তুলিয়া সমাজের অকল্যাণ আন্য়ন করিওনা। ভাহা কোন্ত প্রকারেত ভোমার কর্ত্তব্য বা ধর্ম নয়, ইহাই ঋষি বাক্য ও ভোমার একান্ত পালনীয় কর্ত্তব্য ।

(৪৬) নারীর—স্বধর্ম লাঞ্জনা

যথন পুরুষ নারীতে উন্মুথ হয়, তখন নারী যাহা কুড়াইয়া লইয়া নিজেকে সাজাইতে চায়,—আর নারী যখন পুরুষত্বের দাবী করিয়া তাহার বৈশিষ্ট্যকে তাচ্ছিল্য করে—ও
পুরুষের হাব ভাবের অনুকরণ করিয়া তাহারই
দাবী করে (অম্বালিকার মত), মৃত্যু তখন উদ্দাম
হইয়া উঠে। অতএব ভগবৎ প্রদত্ত আশীর্বাদরূপ
বৈশিষ্ট্যকে হতপ্রদ্ধায় লাঞ্ছিত করিও না এবং
মৃত্যুর উদ্দাম আন্দোলনকে প্রশ্রে দিও না।

(89)

নারীর—অবরোধ ও অবগুণ্ঠন

তুঃশীলতার অবরোধ ও অবগুঠন নারীর প্রকৃতই অবরোধ ও অবগুঠন। চরিত্র পরি-মার্জিত ও পবিত্র হইলে,—মাতৃত্ব প্রকৃতই প্রকট হইলে,—মা চিরদিনই উন্মুক্ত ও উজ্জ্বল প্রকৃতি লইয়া সংসারে চলেন। তাহার অবরোধ ও অবগুঠন সমাজ চিরদিনই তুলিয়া রাখিয়াছে। তাই সীতা, সাবিত্রী, দময়ন্তী প্রভৃতি রমণী-প্রোষ্ঠের আদর্শ, এই দেশের নারীসমাজকে সঞ্জায় পুরুষগণকে আকৃষ্ট করিয়া রাখিয়াছে।

নারীর—চরিত্রাত্রসন্ধান

ঋষি বলেন—''তোমার চাহনি, চলা, হাসি, কথা, আচার ব্যবহারকে এমনতর ভাবে চরিত্রগত করিতে চেষ্টা করিবে, যাহাতে সাধারণতঃ পুরুষ মাত্রেরই ভক্তি, সম্ভ্রম, প্রাদ্ধা, আকর্ষণ করে। কিন্তু যখনই দেখিবে, কোন পুরুষ তোমার প্রতি কাম লোলুপ ইঙ্গিত করিতেছে, তখনই তোমার চরিত্রকে তন্ন তন্ন করিয়া খুঁজিয়া দেখিও,—গলদ কোথায়,— আর কেন এমন হইতেছে! যদি তুর্বলচিত্ত পুরুষ এমনই ব্যবহার করিয়া থাকে, তবে তোমার প্রতি ভয় ও সম্ভ্রমই ইহার উত্তম প্রতিষেধক। প্রতি-নিয়ত এইভাবে দেখিতে অভ্যাস করিলেই—ক্রমে এমন ক্ষমতা অজ্জিত হয়, যে মানুষের মুখ দেখিলেই তার চলা, বলা ও করার রকম ধরা পড়িয়া যায় এবং নিজেকে সেইভাবের মধ্য হইতে সম্পূর্ণ পৃথকরূপে রাখা সম্ভব হয়।

উৎসবাদিতে পুরুষ সাহচর্য্য

পিতা কিশ্বা পিতৃস্থানীয় গুরুজন উপযুক্ত ছোট কিম্বা বড় ভাইর সহিত খেলা-ধূলা, গীতিবাল্প, উৎসব, বা ভ্রমণ করাই শ্রেয়। ইহাতে কুমারী-দের বিপৎপাতের সম্ভাবনা কমই ঘটিয়া থাকে। যতকণ এমনতর সামর্থ্য অনুভব না কর, যাহাতে পুরুষ মাত্রেই তোমার কাছে সমন্ত্রমে অবনত হইবেই, ততক্ষণ তুমি সাবধানতা অবলম্বন করিয়া চলিবে। কারণ উহা তোমার জীবনের বৃদ্ধি ও উন্নয়নের সহায়ক। বর্ত্তমান সমাজে যে প্রকার অবাদ সংশ্রব পাশ্চাত্য সমাজের অনুকরণে প্রবর্ত্তি হইয়াছে, তাহাতে সমাজের প্রভূত অকল্যাণ সাধন হইতেছে, ইহা প্রায় সকলেই বেশ অমুভব করিতেছেন। প্রতিকার মানদে ঋষিবাক্য পালনই বিধি। কারণ পাশ্চাত্য ঋষিগণ আর্য্যঋষিদের বাক্য অনুধাবণ করিতে বাধ্য হইয়া সমাজ সংস্কার করিতে আরম্ভ করিয়াছেন।

নারীর—সাজ-সজ্জার প্রয়োজন

তোমার সাজসজ্জা, পরিচ্ছদ, চলন ও চরিত্র এমনতর হওয়া উচিত—যাহা পুরুষের মনে একটা উন্নত, পবিত্র, সৎভাবের স্ষ্ঠি করে। ইহা সুপ্রজননের ও মানুষকে শ্রহাদীপ্ত করার একটী উত্তম উপকরণ হইয়া দাঁড়ায়। ইহার বাহুল্যকে ভাকিয়া আনিয়া বিভ্ন্থনা ও লাগুনার স্থষ্টি করা সঙ্গত নয়। অতএব সাজসজ্জায় সাবধানতা অবলম্বন করাই সর্বাংশে উত্তম ব্যবস্থা। বেশ বিন্যাদে পরিপাটি বয়ক্ষ প্রবীণাকে পমেটম্ প্রভৃতি মাখিয়া মুখখানাকে এনামেল্ বা গিলিট করিয়া পুরুষকে কামপ্রবণ করার আদর্শ আর্য্য-ভূমিতে কি শোভা পায়! অতএব তাহার সাজ-সজ্জায়, পোষাক পরিচ্ছদে, চলন ও চরিত্রে সর্বদা সাব্ধান্তা অবলম্বন করিয়া চলিলে সমাজের কল্যাণ হইবে। সমাজ কল্যাণই নারী জীবনের উদ্দেশ্য।

নারীর--পুরুষাকাছা

ন্ত্রী-পুরুষের স্বাভাবিক মিলন প্রভাব উভয়ের সংস্রবে আসাতেই উদ্দাম করিয়া ভোলে। কিন্তু যখনই দেখিবে পুরুষ সংশ্রব তোমার ভাল লাগিতেছে--অজ্ঞাতসারে কেমন করিয়া পুরুষের ভিতর যাইয়া তোমার মন আলাপ আলোচনায় প্রবৃত্ত হইতেছে, তখনই বুঝিও পুরুষাকাজ্ঞা---জ্ঞাতসারেই হউক আর অজ্ঞাতসারেই হউক তোমার ভিতর মাথা তুলিতেছে—তথাপি নিজেকে সামলাইয়ো ও দূরে রাখিও! অন্যথায় অমৰ্য্যাদা তোমাকে কলঙ্কিত করিতে ত্রুটী করিবে না। আকাজ্জার স্বাভাবিক গতি লক্ষ্য করিয়া ভাহাকে সংযত করিয়া চলিবার পদ্ধতি শিক্ষা করাই নারীর ধর্ম।

কামে কাম্য

কাম চায় তাহার কাম্যকে নিজের মত করিয়া লইতে—সে স্থী হয় কাম্য যদি তাহার জগৎ-খানি লইয়া তাহাতে নিমজ্জিত করিয়া দেয়। কাম কাহারও পানে ছুটিতে জানে না—ভাহার শিকারকে আত্মসাৎ করাই তাহার প্রকৃতি ও তাহাতেই তৃপ্তি—এবং এই জন্ম তাহার বৃদ্ধি নাই —জীবন ও যশ সঙ্কোচশীল ও মরণ-প্রাসাদে তাহার স্থিতি, —তাই সে পাপ, তুর্বলতা, চঞ্চল, অস্থায়ী ও মরণ প্রহেলিকাময়। অতএব নর-নারী সাবধান হইয়া কামকে কাম্য করিয়া চলিও না, বরং উহা ভালবাসার উৎসে ফেলিয়া ধুইয়া প্রেমের বক্যায় ছাড়িয়া দিয়া জীবনকে তৃপ্ত করার প্রয়াস পাইও। এইরূপ চলাই জীবনের অবলম্বন ও শান্তি প্রদ এবং মঙ্গল প্রস্থ।

ছদাবেশে কামের প্রকাশ

প্রাণয় যখন ঈর্ষাকে ডাকিয়া আনে, তখন বুঝিবে প্রকৃত কাম প্রেমের মুখোস পড়িয়া দাঁড়াইয়া আছে। অতএব থুব সাবধানতা অবলম্বন পূর্বক বিবেকের সাহায্যে বিচার পূর্বক কামের রাজ্যে প্রেমকে প্রতিষ্ঠা করার চেষ্টাই অবাধ রাখিবে। এরূপ কামের প্রভাব সর্ব্বভভাবে কর্ত্তন করিবে। অন্যথায় তোমার সর্বনাশ মুহুর্ত্তের মধ্যে ঘটিবে,—সকল প্রকারে,—সকল ভাবে কামের সহিত জীবনব্যাপি দক্ষই কুতকার্য্যতা আনিয়া দেয়,—তাই মনের সন্ন্যাস আনিয়া এই দন্ধের মধ্যে সাবধান থাকাই কর্ত্তব্য কার্য্য। নারী! ভোমার কর্ত্তব্য বিবেচনায় কামের কুহকজাল কর্ত্তন করিয়া মুক্ত হয়ে এবং শাপদবহুল মহুয়াসমাজে তোমার চলা বলা ও করার সামঞ্জস্য রাখাই বিধি।

नातीएच--शूक्रवत ऐकीश्वि

নারী যতই তার বৈশিপ্টো মুক্ত হইবে, পুরুষে
সেই সংঘাত সংক্রামিত হইয়া পুরুষত্বকে ততই
উদ্দাম ও উন্নত করিয়া তুলিবে। আর পুরুষের
পুরুষত্ব যতই অনাবিল ও উন্মুক্ত হইবে, নারীত্বে
তাহা সংক্রোমিত হইয়া তাহার বৈশিষ্ট্যকে সার্থক
করিয়া তুলিবে। প্রকৃতি ও পুরুষের ইহাই
স্বাভাবিক লীলা। স্বভাবে বৈশিষ্ট্য স্মরণ করিয়া
কার্য্য করাই মানবের ধর্ম্ম ও কর্ত্ব্য।

 $(\alpha \alpha)$

নারীর---সেবায় সংস্রব

যেমন প্রকারে যতটুকু সম্ভব সদাই সেবা করিবে। কিন্তু উপযুক্ত স্থান ব্যতীত পুরুষে সংস্রবে যাইবে না। অপ্রীতিকর অস্বাভাবিক সংশ্রবই ধ্বংস আনয়ন করে,—তাই বিবেকবাণী দ্বারা পরিচালিত হইয়া কার্য্য করাই মানবের কর্ত্ব্য। সেবায় অপ্রতিকর অস্বাভাবিক সংশ্রব দেখিলেই ডাইনির কুহক জাল বিস্তারের চেষ্টা বুঝিবে। অবএব খুব সাবধানতা সহকারে জীবন পথে অগ্রসর হইবে।

(৫৬)

ভালবাসার আবিষ্কার

একমাত্র ভালবাসাই তার প্রিয়ের জীবন,
যশ, প্রীতি ও বৃদ্ধিকে উন্নতির পথে চালিত
করিতে হইলে কি করিতে হইবে, তাহা আবিষ্কার
করিয়া বাস্তবে পরিণত করিতে পারে। সংশ্রবে
আসিয়া তাহার চাল, চলন, হাব, ভাব ও কার্য্যপদ্ধতির মধ্যে যে স্বাভাবিক ভালবাসার উৎস
বৃক্ষতে পারা যায়, তাহার প্রতি লক্ষ্য রাখিয়া
বিবেচনার সহিত প্রকৃত ভালবাসা, যাহা প্রেমের
উৎস, তাহা নির্দ্ধারণ করিবে। ভান্ত প্রহেলিকাময়
রাস্তায় গমন করে নিরুপায় হইয়া জীবনকে ত্র্বহ

নারীর মাতৃত্বে ব্রহ্মচর্য্য

মেয়েরা বয়ঃপ্রাপ্তির সঙ্গে সঙ্গে কুমারী অবস্থায় ব্রহ্মচারিণী হইবে। প্রাচীন হিন্দুদের জীবনযাপনের চারিটী পবিত্র স্তর বিভাগ ছিল।

- যথা—(১) ব্ৰহ্মচৰ্য্য
 - (২) গার্হস্থ্য
 - (৩) বাণপ্রস্থ
 - (৪) ভৈক্ষ বা যতি

এই ব্রহ্মচর্য্য আশ্রম যে কেবল বালকদিগের একমাত্র পালনীয় তাহা নহে। বালক ও বালিকা উভয়ের পক্ষেই পালনীয়। বালকদের পক্ষে যেমন অষ্টম বংসর হইতে ষট্ত্রিংশ বর্ষ পর্য্যন্ত পালনীয়, তেমনি বালিকাদিগের জন্য ঐ ব্যবস্থা প্রশস্ত। বয়স, কাল, শিক্ষা এবং অবস্থার তারতম্য অনুসারে এই সময়ের কিছু পরিবর্ত্তন হওয়া স্থাভাবিক। ব্রহ্মচর্য্য আশ্রম গ্রহণ করার উদ্দেশ্য ইন্দ্রিয়াদির দারা প্রভারিত না হইয়া মনের স্থিরত। আনয়ন করা। মন স্থির হইলেই বৃদ্ধির উন্মেধ হয়, বিবেক বৃদ্ধির দারা পরিচালিত মন ব্রন্ধের স্থিতিত্ব বৃঝিবার চেষ্টা করে।
এইরূপ অবস্থায় চিত্ত-চাঞ্চল্য কম হয়, এবং
চরিত্রের উৎকর্ষতা লাভ সম্ভব হয়। কেবলমাত্র
ব্রন্ধাচর্যোর উপর প্রতিষ্ঠিত গার্হস্থা জীবন্যাপনে
সংপুল্ল লাভ হয়। সেই পুল্লের দারা বর্ত্তমান
ও ভাবী বংশধরদের মঙ্গল সাধন হইয়া থাকে এবং
পুর্বিপুরুষগণের নরক যন্ত্রণার অবসান হয়।

পুরাণ গ্রন্থাদির কাল্পনিক কাহিনী শ্রবণ করিয়া অনেকের আবার এই বিশ্বাস জন্মিয়াছে যে, ব্রহ্মচারী হইতে বলিলেই, স্ত্রী, পুত্র, আত্মীয় স্বজন ত্যাগ করিয়া অরণ্যে যাইয়া কঠোর ব্রতাবলম্বন করিয়া থাকিতে হইবে। অথবা চিরকাল অবিবাহিত থাকিয়া জীবন্যাপন করিতে পারিলেই ব্রহ্মচর্যা পালনের উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে। এইরূপ ধারণা বাস্তবিক ভ্রমাত্মক। কেবল বনাশ্রম গ্রহণ করিলেই যদি সমদ্মাদি গুণযুক্ত হইতে পারা যাইত, তাহা হইলে গৈরিক ব্যনধারী

ত্রিশূলহস্ত, বনচারী ও উদাসীনের কখনও রাগ, ক্রোধ থাকিত না। আর যদি চিরকুমার বা চিরকুমারী থাকিলেই ব্রহ্মচ্য্যপ্রায়ণ হইত, তবে ব্যাস, জনকাদি মনীষিগণ সন্তানের জনক হইয়াও আদর্শ ব্রহ্মচারী নামে আখ্যাত হইতেন না। যিনি প্রকৃতিকে বশীভূত করিয়া ক্ষুন্নিবৃত্তির কারণ পরিমিত পানাহারে রত থাকেন, তিনি বস্তুতঃ ভোগ বাসনা পরিতৃপ্তির জন্য কিছুই করেন না। তিনি সংসারে থাকিয়া অনাসক্ত এবং প্রকৃত সুখভোগ ভাঁহার করতলগত। বিবাহ না করা ্রহ্মচর্য্যের পন্থা নহে, বরং উহা ভগবানের সৃষ্টির নীতিবিরুদ্ধ। অধিকন্ত যিনি বিবাহিত হইয়াও স্বীয় প্রকৃতিকে বশে রাখিতে সমর্থ, তিনিই আদর্শ ব্রহ্মচারী।

ব্রহ্মচারী বা ব্রহ্মচারিণী ভাহার স্রষ্টার নিয়ম
মানিয়া চলিবেন। এজন্য প্রকৃতির বিভিন্ন ভাবের
বিকাশ ও ভাহার তাৎপর্য্য অনুভব করিয়া গার্হস্য
আশ্রম গ্রহণ করিবেন। গার্হস্য ধর্ম গ্রহণ করার
পূর্বে দেহ, মন ও আত্মা—এই তিনের সামপ্রস্য

আনয়ন করিতে হয়। দেহকে কর্মের দ্বারা, মনকে বিজ্ঞানান্থশীলনের দ্বারা এবং আত্মাকে চিস্তার দ্বারা বা উচ্চভাবের দ্বারা উহার গতিশক্তির প্রভাবে উদ্ধিদিকে চালনা করিয়া স্থির রাখিতে হইবে। ইহাই গার্হস্য জীবনের চরম উৎকর্মতা লাভের ভিত্তিস্বরূপ। ভিত্তি স্থান্ট্ভাবে প্রতিষ্ঠিত করিতে সক্ষম হইলেই, রমণী আদর্শ মাতার স্থান অধিকার করিয়া বংশের ও সমাজের উপর সর্বতোভাবে প্রভাব বিস্তার করিয়া সংসারে শাস্তিস্থাপন করিতে পারেন।

(৫৮)

নারীত্বে—সজাতীয় বিদেষ

মেয়েদের মধ্যে সাধারণতঃ দেখা যায় স্বজাতিতে অসহান্তভূতি ও উপেক্ষা প্রবন,—আর এই ভাবের অনুসরণে দোষ দৃষ্টি, ঈধা প্রবণতা আকোশ ও পরশ্রীকাতরতা আসায়—অন্যের মপ্রতিষ্ঠা আনিতে গিয়া নিজের প্রতিষ্ঠাকেও নষ্ট করিয়া ফেলে। মতএব এরূপ অন্তুকরণ কখনও করিবে না। অক্সায়কে অনাদর করিয়াও, বোধ ও অবস্থার দিকে তাকাইয়া সহান্তভূতি ও সাহায্য প্রবণ হইও—খ্যাতি তোমার দাসী হইবে।

(৫৯)

নারীত্বে—শিপ্প ব্রত

ব্রতের মধ্যে নারীর পক্ষে শিল্প ব্রতের অনুষ্ঠান অবশ্য কর্ত্য। কারণ এমন কিছু শিল্প ব্রত অভ্যাস করা চাই, যাহা খাটাইয়া অস্ততঃ পক্ষে নিজের, অশক্ত হইলে স্বামীর বা সন্তান সন্ততির পেটের ভাত, পরণের কাপড এবং অবশ্য প্রয়োলকনীয় দ্রব্যাদির সংস্থাপন করিতে পারে। অনটন না থাকিলেও নারীর পক্ষে কিছু উপার্জন সংসারকে উপঢৌকন স্বরূপ দেওয়াই উচিত। ইহাতে আত্ম প্রসাদ লাভ হয়—অত্যের গলগ্রহ হইবার ভয়

থাকে না—তাচ্ছিল্যের পাত্রী হইবে না—আদর ও সম্মান অটুট থাকিবে। দেশের শিল্পোন্নতি তখনই হয়, জাতার নিয়ন্ত্রী জননীদের যখন কর্ত্তব্য জ্ঞান আসে, এবং তাহা কর্ম্মে প্রকাশ পায়। অন্তথায় শিল্পোন্নতি মুখের কথা মাত্র।

(৬০)

নারীত্বে-শুচি ও পরিচ্ছনতা

সর্বিদা শুদ্ধ ও পরিষ্কার পরিষ্কার থাকিবে—
মন প্রফুল্ল হইবে,—জীবনে ভৃপ্তি বোধ করিবে।
ময়লা তুর্গন্ধ বা আলুথালু না থাকে এমনতর ভাবে
দেহ ও গৃহ কার্য্য সজ্জিত করিয়া রাখিবে,—
দেখিলেই যেন স্থলার স্বস্তিকে অন্তুত্ব করা যায়।
তাহা বলিয়া শুচিগ্রন্থ রোগী হইবে না—স্বাস্থ্য
ও ভৃপ্তি তোমাকে অভিনন্দিত করিবে।

নারীত্বে-ক্ষুধা বোধ

যদি প্রকৃতই উত্যমী ও অলসতাহীন হইবার আকাজাংশ থাকে, তবে ক্ষুধাকে বিসর্জন দিওনা। কারণ ক্ষুধাই ভুক্ত আহার্য্যকে পুষ্টির উপযোগী করিয়া লয়। আর এই পুষ্টিই শক্তির ইন্ধন! কারণ—শরীর রক্ষার জন্য পুষ্টিকর খাদ্য গ্রহণ করিবার জন্যই ক্ষুধার উদ্দেক হয়,—এবং ঐ খাদ্য হুপ্পাচ্য না হইলে, সহজে হজম হয় ও শারীরিক বল বৃদ্ধি করে।

(৬২)

নারীর আহার্য্য

আহার্য্য এমনতর হওয়া উচিত, যাহা পরিপাক করিয়া ক্ষুধা মাথা তোলা দিতে পারে— আর পরিপাকের ফলে উপযুক্ত পুষ্টি আনিয়া

দেয়। আহার্য্য বস্তুর সহিত মনের ঘনিষ্ট সম্বন্ধ আছে। অতএব মনের মত আহার্যা না হইলে, উহা পরিপাক ক্রিয়ার ব্যাঘাৎ ঘটাইয়া অনিষ্ট করে। উত্তেজক দ্রব্য আহার করা নিশেধ,— ' কারণ উহা স্বাস্থ্যানি করে। যে অল্লের মাড়-গালা হয় না, হিঞে, নিম্ব বা উচ্ছে যাহা মাঠে ঘাটে জনায়—মুগ, মুসর, অরহর বা বুটের ডাল যাহা সহজে হজম হয়, মৃত বা দধি তুগ্ধ যাহা স্থপাচ্য, তাহা প্রতিদিন নিয়মিক সময়ে পরিমিত ভাবে গ্রহণ করাই উত্তম ব্যবস্থা। অতিরিক্ত ঝাল বা মসলা ব্যবহারে পেটের অসুথ হবার সন্তাবনা থাকে। প্রত্যহ প্রাতে হাত মুখ ধুইবার পর— একটী থানকুনী পাতা ডগা সহিত চিবাইয়া গিলিলে মুখের বা জিহ্বার ময়ল। কাটে এবং অন্তপ্রদেশের—আমাশয় রোগ নিবারিত হয়।

নারীত্বে—ভালবাসার লক্ষণ

প্রকৃত ভালবাসা বা প্রেম চির বহনশীল, চির
সহনশীল, তাই প্রেমাস্পদকে নিরবচ্ছিন্নভাবে
সহিয়া থাকে ও বহিয়া থাকে,—বিরক্ত হয় না—
অবশ হয় না— তুর্বল হয় না। এমনি ক'রে
সর্বেভোভাবে সহা করিয়াও বহিয়া থাকে,—
ইহাতেই তার আনন্দ, উভাম ও উৎফুল্লভা—সে
কখনও তাহাকে প্রেমাস্পদের অধীন ভাবিতে
পারে না।

(৬৪)

স্ত্রীপুরুষের মিলন সমস্থা

স্ত্রীপুরুষের মিলন সমস্তা বুঝাইতে হইলে পুরুষ ও নারীর ধর্ম বা প্রকৃতি কি, তাহাই সম্যক উপলব্ধি করা প্রয়োজন। পুরুষ বলিতে এক কথায়

তাহাকেই বুঝায় যে বাযা কাকি পুরণ স্বভাব সম্পন্ন। কারণ পুরুষ আসিয়াছে পুর্ধাতু হইতে, পুর্ধাতুর অর্থ পূরণ করা (পুরয়তি যঃ সঃ পুরুষ ঃ---শবদ কল্পজ্মঃ) এখন দাঁড়াইল—পুরুষ ভাই, যাহা পরের অভাব পূরণ করে। অপরকে স্বার্থক করা উন্নত ও কৃতার্থ করাই পুরুষের পুরুষত্ব। পুরুষ যথন পুরুষত হারাইয়া নিঃস্ব হইয়া পড়ে, তখন সে নারীতে তার আশ্র হারায়,—নারীর নারীত্তে আর উদ্দীপ্ত করিতে পারে না—এজন্ম ঐ নারীর ভক্তি প্রেম প্রভৃতিও হারায়। নারীও নরের পার্থক্য—একটী বৃদ্ধি পাওয়ায়, অপরটী বৃদ্ধি পায়। একটা যেন মাটি, আর একটা যেন বীজ। একটি চরিষ্ণু (positive prominent) প্রকৃতি। আর একটী স্থামু (Negative prominent) প্রকৃতি। সুপ্রসিদ্ধ রুশীয় প্রাণিতত্ত্বিদ্ প্রফেসর কোলজফ (Prof. Nicholas Kolez off) বহু বিজ্ঞান সম্মত পরীক্ষা দার্য সিদ্ধান্ত করিয়াছেন—চরিষ্ণু শুক্রকীট (positive prominent sperm cell) হইতে পুঃ সন্তান এবং

স্থাসা শুক্ৰকীট (negative prominent sperm cell) হইতে স্ত্রী সন্তান উৎপন্ন হয় (১৯৩৪ খৃঃ ২৬ শেজুন তারিখের অমৃত বাজারে উহার সংক্ষিপ্ত বিবরণ প্রকাশ হয়)। স্ত্রী পুরুষ মিলনাকাজ্ঞায় স্বাভাবিক আকর্ষণ আছে। তাহার কারণ, পুরুষ চায় নারীতে বিশ্রাম করিতে,—নারী চায় পুরুষকে স্বস্থ করিতে, সুস্থ করিতে, বৃদ্ধি পাওয়াতে। শরৎ কালের রৌদ্রে লোক ষেমন ছায়ার অভিলাষী হয়,—পিপাসু যেমন জল চায়, —ক্ষুধিত যেমন অন্ন-লোলুপ হয়,—শিশু যেমন মাতাকে এবং মাতা যেমন শিশুকে চায়,—নারী তেমন নরকে এবং মর তেমনি রমণীকে চায়। যেখানে নারী তার এই আদিম স্বভাবকে অতিক্রম করিয়াছে, সেই খানে সে তার ব্যর্থতার আলিঙ্গনে বিধ্বস্ত,বিব্রত,বিকৃত হইয়াছে। নারীর নারীত্ব দেইখানে স্বার্থক হয়,—যেখানে তার পোষণ, তার বৃদ্ধি, তার চিস্তায়, পুরুষকে এমনতর ভাবে পুষ্ট করিয়া—তার স্বার্থকতা আনে,—যাতে পুরুষ নারীর কাছে আনত হ'য়ে ছনিয়াটাকে এমন তর ভাবে সেবা করে,যে জয়ের মুকুট মাথায় দিয়ে

সে তার নারীর সম্খীন হয়ে, তার দারা সম্বর্জিত হয়—ভাই পুরুষ ভাহার জীবনের স্বার্থকতা দেখতে পায়। আর নারী চায়,—তার পুরুষকৈ প্রাণের মুকুট মাথায় পরিয়ে দেখতে—এতেই নারীর বৃদ্ধি ও পুষ্টি হয়। তাই যাজ্ঞবন্ধ সংহিতায় আছে—"যত্রান্তুল্যং দম্পত্যো স্ত্রিবর্গস্তত্র বর্য্যতে" —-যেখানে স্বামী স্ত্রীর পরস্পর আকুকুল্য সেখানে ত্রিবর্গ (অর্থাৎ ধর্ম, অর্থ, কাম) সার্থক হয়। আবার দক্ষ সংহিতায় আছে—"পত্নীমূলং গৃহং পুং সাং যদি ছন্দো২মু বর্ত্তিনী"—পত্নীই পুরুষের গৃহস্থধের মূল—যদি দে ছন্দান্ত্বর্তিনী হয়। ঋগবেদ বর ক্সার পাণি গ্রহণের মন্ত্রে ব'লেছেন—"ভোমা হইতে সৌভাগ্যের অধিকারী হঁইব এবং তুমি স্থুত্র বার্দ্ধক্য পর্য্যস্ত আমার সহবাদে বাস করিবে বলিয়া তোমার পাণি গ্রহণ করিতেছি ;"

নরনারীর অধিকার ভেদ

নরনারীর অধিকার তাহাদের প্রকৃতিগত স্বভাব হইতেই নির্দ্ধারিত হইয়াছে। যেমন সস্তান তুধ খেয়ে খুসী, আর মা মাই মুখে ঠেলে দিয়েই খুদী। নারীর স্বাধীনতা তার বৈশিষ্ট্যৈ—আর এই বৈশিষ্ট্য যেখানে আলু-লায়িত হয়ে উঠে—মধুর হয়ে উঠে—প্রেরণা পরিপুষ্ট হ'য়ে উঠে,—আর তার মুক্তি ইহারই স্বার্থকতায়। শ্রীরে, মনে, ভাবে, চরিত্রে, নর ও নারী পৃথক। প্রাকৃতির বিবর্তনের লক্ষ্যই এই বৈশিষ্ট্যকে ফুটাইয়া তোলা—তাহাকে ধ্বংস করা নহে। কৃত্রিমতার আশ্রয় গ্রহণ করিয়া তৃইটীকে এক করিয়া তোলা নহে—উভয়ের মধ্যে পার্থক্য থাকিবেই। তাই বলিয়া কেহ কাহারও চেয়ে শ্রেষ্ঠ বা হীন নহে। নারীর জীবন মাতৃত্বে কেন্দ্রীভূত এবং নারীই জাতীর নিয়ন্ত্রী। নারীর সমস্ত সহজাত সংস্কার ও প্রবৃতি, জ্ঞাত বা

অজ্ঞাতসারে তাহাকে সেই দিকেই চালিত করে। রাসেল ও জাতির দিক দিয়া ইহার সত্যতা ও স্বার্থকতা স্বীকার করিয়াছেন (Principle of Social Reconstruction—B. Russel) ৷ বে নারী যে নরের বৃত্তিগুলি লইয়া সন্তুষ্ট, পুষ্ট ও সম্বর্জনে যত্নবভী, সেই নরনারীর মিলন শুভ— মহাপুরুষগণ এই উক্তি সমর্থন করেন। কারণ এই প্রকারের নারী, সেই পুরুষকে যেমনতর ভাবে সম্বর্দ্ধিত করিয়া তাহার বংশবিস্তার করে—সেই-রূপেই তাহার পরিনতি। তাই নারীর অন্তর্নিহিত ঝোঁক---মাতৃত্বের বিকাশে বৃদ্ধি পাওয়ানর দিকে—কারণ, তাহার প্রকৃতিই এই প্রকার ঘটায়। সে চায় তার পুরুষকে তাই করিতে, যাতে তার পুরুষ সর্বতোভাবে বৃদ্ধিশীল হয়—কারণ, ঐ পদ্ধতির উপরে নারীর উৎকর্ষ নির্ভর করে। প্রকৃতি নারীকে এমন ভাবেই সৃষ্টি করিয়াছে, যাহাতে তাহার স্ষ্টিকারিনী শক্তি এবং প্রাণের ঐকান্তিক আকাজ্ঞা প্ৰধানতঃ সন্তান গঠনেই কেন্দ্ৰীভূত। **।তিদিন নারীর নারীত্ত বোধ থাকে, ততিদিন**

এরপেই প্রকাশিত ইইতে বাধ্য। এই স্বভাবের
ব্যতিরেকে অস্বাভাবিক আদর্শ প্রতিষ্ঠা ইইলে
জাতীর অমঙ্গল ঘটিবে। নর যদি শিখণ্ডির
আদর্শ বরণ করে, তাহাও সৃষ্টি রক্ষার প্রতিকূল
ব্যবস্থা। অতএব নরনারী তাহাদের প্রাকৃতিক
বৈলক্ষণ্যের মর্য্যাদা রক্ষা করিয়া জাতির কল্যাণ
সাধন করিবে।

(৬৬) ক

স্ত্রীপুরুষের মিলন

পূর্বেই বলিয়াছি স্ত্রীপুরুষের মিলন একটী প্রাকৃতিক ক্ষুধা মাত্র। উভয়ে উভয়ের দারা উদ্ধুদ্ধ হইয়া উভয়ের বেঁচে থাকা ও বৃদ্ধি পাত্যানকে (being & becoming) পাকা ও অবিচ্ছিন্ন (solid & continuous) করিতে চায় তাই মনোবৃত্যানুসারিণী স্ত্রী পুরুষের জীবন প্রদ্ধ হৈহ্যপ্রদ ও শক্তিপ্রদ—এই জন্মই আর্য্যগণ ত্রীকে শ্রী বা লক্ষ্মীরূপিনী বলিয়া অভিহিত করেন।
শ্রী অর্থে তাহাকেই বোঝায়, যে সর্কতোভাবে
সেবা করে,—যাহার সেবায় জীবন তুষ্ঠ, পুষ্ঠ ও
অক্ষুগ্নত থাকেই—বরং বৃদ্ধির দিকে নিয়ে যায়।
পুরুষকে এমনতর ভাবে সেবা করাই স্ত্রী প্রাকৃতির
সার্থ—কারণ, ইহাই তাহাদের জীবনের তুষ্টি ও
পুষ্ঠির একমাত্র সোপান। এজন্য পুরুষের পাওয়ার
আনন্দ—আর স্ত্রীর দেওয়ায় তৃপ্তি বা স্কুখ।

(৬৭)

নারীর বিবাহে বিচার

আদর্শান্তপ্রাণতা যদি নারীকে উদ্ধাম করিয়া
তুলিয়া থাকে—যদি তার আদর্শান্তকারী এই
নারীর হৃদয় স্বাভাবিকভাবে দখল করিয়া
বসে—এবং আর কাহাকেও স্থান দিতে না
পারে,—তাহাতে যদি পারিপার্শিক ও জগতে
প্রতিষ্ঠা করার উন্নাদনা অটুট ভাবে ধরিয়া

থাকে,—মনে হয় বিবাহ না করিয়াও জীবন পুণ্য ও পবিত্রতায় অতিবাহিত করিয়া স্বাইকে উজ্জ্বল করিয়া—উজ্জ্বলতর হইতে পারিবে, তবে নিজেকে বৃঝিয়া দেখিও,—যদি আবিলতা দেখিতে পাও,—তোমার বিবাহে ব্রতী হওয়াই শ্রেয়ঃ।

(৬৮)

মাতৃত্বের খর্বতার প্রস্তাব ভয়াবহ

শ্বষি বলিয়াছেন—"মাতৃত্বই নারীর চরম্পার্থকতা"। কিন্তু অনেকে বর্ত্তমানে এই ধারণাটি তাচ্ছিল্যের চোথে দেখিতেছেন, এবং মাতৃত্বে নারিত্বের কলঙ্ক স্বরূপও মনে করিতে আরম্ভ করিয়াছেন। জাতীর ধ্বংসের সময় এই প্রকার্থরণা আসা স্বাভাবিক,—তাই এই বিষয়াছিল সম্যক আলোচ্না করার প্রয়োজন হইয়াছে আমেরিকায় কোন কোন স্থানে মেয়েরা মাতৃত্ব বিজ্ঞিত হইবার জন্ম ডিম্ব-কোষ কর্ত্তন করার ব্যবস্থ

করিতেছে। এ দেশেও এই প্রকার বাতিকগ্রস্ত ভাব পরিলক্ষিত হইতেছে। মনে রাখা উচিত—ৠিষ বলিয়াছেন—"যারা মাতৃত্বকে থকা করিয়া নারীত্বের প্রতিষ্ঠা করতে চায়, তারা নারী নয়, **সর্বাশী**। নারী তার বৈশিষ্ট্য হইতে বিচ্যুত হয়ে, একটা অস্বাভাবিক জীবনের স্বপ্ন দেখে— যাহা কখনও সম্ভব নয়---পেতে পারেনা---তাহার আশায়,ছদিশায় তার সহজাত সংস্কার হওয়া ছাড়া, আর উপায়ান্তরই থাকেনা—এতে সমাজে ও একটা অস্বাভাবিক অপুষ্ঠিকর সংকীর্ণতার গণ্ডি স্ষ্টি করিয়া বিজোহ ঘোষণা করা হয় মাত্র। যে সমস্ত নারী বিবাহ ও মাতৃত্বকে হীন চক্ষে দেখে, তাহাদের চরিত্রে নানাপ্রকার অস্বাভাবিক দোষ লক্ষিত হয়। তারা সকলের নিকট খেলো হয়,—পুরুষ ভাবাপন্ন হয়,—বিলাসিতাও জমকালো রকমে বৃদ্ধি পায়। আবার পুরুষকে জয় কবিতে ও তাহার উপরে নানাপ্রকার অক্সায় আধিপত্য করিতে অনেকের রুচি জ্মো। অতিত ও ভবিষ্যত সম্বন্ধে অন্ধতা ও

বর্ত্তমান স্থ্র ভোগেই বেশী আসক্তি দেখা যায়। নিজের জননীত্বের কথা ভুলিয়া গিয়া সে ব্যক্তিগত উচ্চাকাঙ্খার পথে চলিতে থাকে। নানা বিভা অর্জন করিয়া পুরুষের নিরপেক্ষতা আনিবার জন্ম, ---পুরুষ স্থলভ চরিত্রের অনুকরণে ব্যর্থতা নিয়ে আসে। বহুপ্রকারে অস্বাভাবিক কল্পনা পরায়ণ হইয়া সর্বদাই তাদের স্বার্থকতা আশা করে, কিন্তু কখনও তাহা পায় না। সাহিত্য, বিজ্ঞান, কলা সংস্কার ইত্যাদি নানা দিকেই ভাগ্য পরীকা করিতে যায় এবং যাহা করার যোগ্যতা তাহার ভিতরে নাই, তাহাতেও যত্ন পরায়ণা হইয়া যে অনুভূতি তার জীবনে কখনও হয় নাই, তাহারই উদ্দীপনার আশা পথে সে ধাবিত হয়,---এবং ক্রমে নিরাশায় মিয়মাণ হয় মাত্র, এই উক্তি সুবিখ্যাত লেখক-—জি, এস্, হলের "ইউথস্" নামক পুস্তকে দেখা যায়।

অকাল মাতৃত্ব

বর্ত্তমানে শিশু মৃত্যু ও প্রস্তী মৃত্যু যে ভ্যাবহরপে বৃদ্ধি পাইয়াছে তাহার জন্ম অকাল মাতৃত্বই প্রধানতঃ দায়ী। সমাজের শীর্ষস্থানীয় ব্যক্তিদের অপরিণামদর্শীতার ফলে, এই অবস্থা দাড়াইয়াছে। ইহার প্রতিকার কল্পে সর্বপ্রকার চেষ্টা করা প্রয়োজন।

বাঙ্গালাদেশে কত অল্প বয়সে মেয়েদের বিবাহ হয়, তাহা ভাবিলে অবাক হইতে হয়। ইং ১৯২১ সনে যে লোক গণনা হইয়াছে তাহা হইতে এই দেশের হিন্দুসমাজে কত বয়সের কত শিশু বা বালিকা বধু আছে এবং উহার অনুপাতে বাল-বিধবার সংখ্যা দেখিলেই বিষয়টীর গুরুত্ব বুঝিতে পারা যায়।

বঙ্গদেশে বয়স অত্যায়ী বালবিধবার সংখ্যা কি ভয়াবহ

(ইং ১৯২১ সনের গণনা হইতে উদ্বৃত)

ব্য়স	শিশু বা	ব†লিক াব ধূ	বালবিধবা
		সংখ্যা	সংখ্যা
১ বৎসরের কম	বয়দের	২৮৩	84
১ হইতে ২ বংস	শরের কম	বয়সে ৪১৭	\$ &
২-৩ বৎসরের ব	চম বয় েস	১,১১৬	\$58
৩- 8 —	-	২,৩৭৪	৩২৫
8-6	-	৩, ৭৩৫	৯২০
७- >@ —	•	১,২১,১৭১	৮,৭৫১
> o - > d	•	৫,৬৫,৬৮৭	৩৬,৩২৩

দেশের মঙ্গলের জন্ম সর্বপ্রকারে এই বাল্য বিবাহ নিবারণের জন্ম সজ্মবদ্ধ ভাবে চেষ্টা না করিলে, ভবিষ্যতে বাঙ্গালী জাতীর অস্তিত্ব পৃথিবীর পৃষ্ঠ হইতে লোপ পাইবে। এ বিষয় একবার চিন্তা করা প্রত্যেক শিক্ষিতা মাতার অবশ্য কর্ত্ব্য । মাতাই জাতীগঠনের প্রধান সহায়। মাতা শিশুকে যেরপ ভাবে ইচ্ছা, তদমুরপ প্রস্তুত করিতে সক্ষম। মাতার উপর শিশুর মঙ্গল নির্ভর করে এবং শিশুর মঙ্গলের উপর জাতীর ভবিষ্যুৎ নির্ভর করে। মাতা কখনও তাহার কন্যাকে বাল-বিধবা দেখিতে ইচ্ছা করেন কি!

(90)

দম্পতি-জীবন

পূর্কেন মাতৃত্বে ব্রহ্মচর্যা অধ্যায়ে প্রকৃতির বিভিন্ন ভাবের বিকাশ ও তাহার তাৎপর্য্য অনুভব করিয়া গৃহস্থ আশ্রম গ্রহণ করিবার উপদেশ দেওয়া হইয়াছে। অতঃপর গৃহস্থ আশ্রমে দম্পতি যুগল কি উপায়ে জীবনযাপন করিবে, তাহাও অবগত হওয়৷ প্রয়েজন। গৃহস্থ আশ্রম যে সর্বশ্রেষ্ঠ আশ্রম, তাহা ভারতের ঋষিগণ পুনঃ পুনঃ বলিয়া গিয়াছেন। জীব-জগতে দৃষ্টিপাত করিলেই আমরা ব্ঝিতে পারি যে, পৃথিবীতে

সাধারণতঃ কেহই একাকী বাসকরিতে ইচ্ছুক নয়। প্রত্যেকেই সঙ্গী বা সঙ্গিনীর জন্য ব্যাকুল হইয়া পড়ে। প্রকৃতির ইহাই নিয়ম। এই নিয়মেই ভাঙ্গা গড়ার ভিতর দিয়া প্রকৃতি তাহার উদ্দেশ্য চালাইয়া আসিতেছে।

মানুষ ভাহার বিবেক বুদ্ধির দারা সংযম অভ্যাস ভিন্ন প্রকৃত মানুষ হইতে পারে না। তাই ব্রহ্মচর্য্যা-শ্রমে তাহার যথার্থ সংযম শিক্ষা করা একান্ত কর্ত্ব্য। এই সংযম বালক বালিকাকে অতি শৈশ্ব হইতেই অভ্যাস করান প্রয়োজন। সংযমের অভাবে তুল্লভি দম্পতি-জীবন কথনও সুখের হইতে পারে না। স্থুখ সাধনার সামগ্রী, যদি সংসারে স্থারে অধিকারী হইবার ইচ্ছা থাকে, ত্তবে সকলেরই ইহা সাধনা করা উচিত। সাধনা একেবারেই কষ্টসাধ্য নহে, তবে নিয়মিত অভ্যাসের প্রয়োজন। সংযম অভ্যাসের মধ্য দিয়া যাহারা বাল্যকাল হইতে গড়িয়া উঠে, তাহাদের পক্ষে এরূপ সাধনা মোটেও কষ্টকর হয় না,—এবং তাহারাই সংসারে শান্তিস্থাপন করিতে

সমর্থ হয়। অপরিণামদর্শী ^{মু}বতী, একবার ভাবিয়া দেখ, তুমি সংসারে আদর্শ স্ত্রী হইয়া শাস্তি চাও, না ছঃখ চাও ? যদি শান্তিকামী হও, তবে ঋষিবাক্য সারণ করিয়া সাবিত্রী, দময়স্তীর মত নিজ নিজ সামীর মঙ্গল কামনায় তোমার চরিত্রটীকে নির্মালভাবে ক্রমে গড়িয়া তোল; তোমার ন্যায় নারীর পক্ষেই সাধনায় সিদ্ধি লাভে অতি প্রিয় স্বামীকে ও স্নেহময় সস্তানকে অকালম্ভ্যুর কবল হইতে রক্ষা করা সম্ভব হবে। ভ্রমবশতঃ কামোদীপ্তা হইয়া রুথা নশ্বর ভোগবিলাসে পাশ্চাত্যকামিনিগণের অনুকরণে জীবনকে চিরদিনের জন্ম তিলে তিলে দগ্ধ করিও না। শ্রীভগবানের কৃপায় তাহার স্ষ্টিরোধ করিবার কোন ক্ষমতাই তোমার নাই। অস্বাভাবিক উপায়ে গর্ভরোধ বা নষ্ট করিতে গিয়া

সঙ্গত। দাম্পত্য-প্রেম সর্বশ্রেষ্ঠ ;—তাই উহার

তুরারোগ্য ব্যাধিকে ডাকিয়া আনিও না।

প্রয়োজনমত স্থাচিকিৎসকের ব্যবস্থা গ্রহণ করাই

উপরেই সংসারের স্থাতিষ্ঠা নির্ভর করে। এই প্রেমে নরনারীর হাদয় যথার্থই উদ্বেলিত হওয়ায় সংসারে নন্দন কাননের সৃষ্টি হয়। মানুষ যথন সংসারের নানা চাপে পড়িয়া জ্বালাযন্ত্রণায় উন্মত্ত হইয়া উঠে, তথন একমাত্র দাম্পত্য-প্রেমই তাহাদের শান্তি আনয়ন করে।

যাহাদের চিত্তসংযম নাই, কাম প্রবৃত্তি যাহাদের প্রবল, তাহারা কিছুতেই দাম্পত্য প্রেম বজায় রাখিতে পারে না। এজন্ম অতি অল্প দিনের মধ্যেই কতকগুলি অল্পায়ু রুগ পুত্র কন্যার জনক জন্নী হইয়া সংসারের সমস্ত স্থুখ নষ্ট করিয়া ফেলে। অথচ দাস্পত্য প্রেমের চরম ও পরম উদ্দেশ্য লক্ষ্য করিয়া বিচার পূর্বেক স্থুখ শান্তি ভোগে সংসার শান্তিময় করিয়া তুলিতে কাহারও প্রবৃত্তি হয় না, ইহাই আশ্চৰ্য্য। এই প্ৰেমে আবদ্ধ হইয়া সুখের সংসার প্রতিষ্ঠা করিবার চেষ্টা করাই স্ত্রীপুরুষের একমাত্র কর্ত্তব্য। বিধাতার মহৎ ইচ্ছা সাধন করিয়া মানুষ সামঞ্জন্তা রক্ষা করিতে পারে না বলিয়াই চিরকাল কষ্ট ভোগ করিয়া থাকে। কিন্তু এই সামাঞ্জন্ত রক্ষা করিতে পারিলে দাম্পত্য প্রেম কখনই ক্ষুণ্ণ হইতে পারে না। যে উপায় অবলম্বন করিলে এই দাম্পত্য প্রেম রক্ষা হয়, তাহা প্রত্যেক নরনারী ভাবিয়া দেখিবে। এই প্রেম অটুট থাকিলে, তুঃখ মানুষকে স্পর্শ করিতে পারে না। নরনারী যদি স্কুন্থ ও সবল থাকে, তবেই দাম্পত্য প্রেম ফুটিয়া উঠে এবং সংসারে শান্তি স্থাপিত হয়।

গৃহস্থ ধর্মের সম্পূর্ণ জ্ঞান লাভ করার পর
মাতৃত্বের দায়ীত্ব উপলব্ধি করিয়া যে সকল নারী
বিবাহ করে, তাহাদের সংসার আশ্রম সাধারণতঃই
স্থান হয়। বংসর বংসর সন্তান প্রসব
করিয়াই নারী বৃদ্ধত্ব প্রাপ্ত হয় অনেকের এই
বিশ্বাস। কিন্তু সন্তান প্রসব করাই স্থান্ত সবল
নারীর স্বাভাবিক শারীরিক ধর্ম—তবে শরীর
রক্ষা করার জন্যও সাবধানতার আবশ্যক।
হিতাহিত জ্ঞানশূন্য হইয়া মাতা আসঙ্গ লিন্সায়
উন্মন্ত হইয়া সংসারে কখন অশান্তিকে ভাকিয়া
আনিবেন না।

৪০।৪৫ বৎসর পর্য্যন্ত স্থক্ত ও সবল নারী নিয়মিত ভাবে গাহ স্থ্য ধর্ম প্রতিপালন করিবেন। এই সময়ের পর মেয়েদের ঋতুস্রাব বন্ধ হইয়া থাকে। আবার কাহারও কাহারও এই সময় ঋতু-স্রাব খুব অস্বাভাবিক হইয়া উঠে। এই জন্ম খুব সাবধানতা অবলম্বন করা উচিত এবং প্রয়োজন হইলে স্থচিকিৎসকের পরামর্শ গ্রহণ করা কর্ত্ব্য। এই সময়ে মনের খুব পরিবর্তন লক্ষ্য করা যায়, এবং খুব বিবেচনার সহিত ঐ মনকে সংযত ও প্রফুল্ল রাখাই প্রয়োজন হয়। এই কারণেই ঋষিগণ এই সময়ে বানপ্রস্থ আশ্রমে প্রবেশ করিয়া ভগবৎকুপা লাভ করার উপদেশ দিয়াছেন। ভগবংচর্চায় মনের বল বৃদ্ধি পায় ও ব্যাধিসমূহও প্রবেশ করার স্থযোগ পায় না।

মাত্মঙ্গল ও শিশু-মঙ্গল অনুষ্ঠান

বর্ত্তমান যুগে দেশের আবাল বৃদ্ধ বণিতা অবশ্য একবার ভাবিবেন, এই বাঙ্গলা দেশে প্রস্বকালে ১৯২৯ সালে ৪,৬৯৮টা মাতার মৃত্যু হইয়াছে এবং এই অনুপাতে ভারতবর্ষে প্রতি বংসর বহু প্রস্থৃতি মারা যায়। অথচ সমগ্র আমেরিকায় ২০০০ মাতৃদেবীর মৃত্যু হয়।

ইংলণ্ডে যে বয়সে হাজার শিশুর মধ্যে ৭০ জনের মৃত্যু হয়, বাঙ্গলা দেশে সেই বয়সে হাজারে ২০০ শতেরও অধিক শিশু কালকবলে পতিত হয়। বার বংসরের বালকের অকাল মৃত্যু জন্যু সাধারণ প্রজার নিকট পূর্ণ বিহ্ম রামচন্দ্রের যে দেশে কৈফিয়ৎ দিতে হইয়াছিল, আজ কালস্রোতে তাঁহার অবস্থা কোথায়। মাতঃ! তুমি তোমার সন্তানের মঙ্গলের জন্য একবার ভাব,—বুঝিবে এরূপ অবস্থার জন্য তোমরাই দায়ী। তোমরা যে ভাবে শিশুকে লালন পালন করিবে, শিক্ষা দিক্ষা দিবে তোমার

দেবশিশু তেমনই ভাবে বৃদ্ধি পাইতে থাকিবে। তোমার দায়ীত্ব তুমি বৃঝিয়া লইয়া, কর্ত্তব্য নির্দ্ধারণ কর। কারণ শিশুমৃত্যু ও মাতৃমৃত্যু নিবারণ করা, তোমার শিক্ষা দীক্ষার উপর সম্পূর্ণ নির্ভির করিতেছে।

শিশুই জাতির মেরুদণ্ড। তুর্বল ও অপূর্ণ দেহ
শিশু জাতির কলঙ্ক ও অশেষ অকল্যাণের কারণ।
দেশের গৌরবের দিনে শিশুর দেবতার মত আদর
ছিল। এজন্য নারী জাতির বিশেষ সম্মান ছিল।
আজ বিকলাঙ্গ রুগ ক্ষীণকায় জননী, জাতির
বৈশিষ্ট্য হারাইয়া ফেলিয়াছে—তাঁহাকে তাঁহার
বৈশিষ্ট্য ফিরাইয়া আনিতে হইবে,—নচেৎ তাহার
দায়ীত্ব অনুযায়ী কর্ত্ব্য পালন করা হইবে না।

বাঙ্গালা দেশে শিশু জন্মাইবার পরে এক বংসর শেষ না হইতেই হাজার করা ১৯৭টী, এক মাস মধ্যে ১৩২টী, এবং ছয় মাসের মধ্যেই ৫৪টী মরিয়া যায়। বঙ্গমাতার শিশু বাঁচিবার অবকাশ পায় না, এজগু দায়ী কে? জাতিকে বাস্তবিক যাহারা প্রাণে প্রাণে ভাল বাসেন, শিশুকে যাহার৷ প্রকৃতই স্নেহ করেন, তাহাদিগকে আজ এই শিশু মৃত্যু রোধ করিতে হইবে। এজন্ম প্রত্যেক শিক্ষিতা বঙ্গনারী তাহার প্রতিবাসিনীদের সহযোগিতায় সপ্তাহে অন্ততঃ একবার মাতৃমঙ্গল ও শিশুমঙ্গল বিষয়ে আলোচনা করুন। স্থানীয় স্বাস্থ্যবিভাগের নিকট সাহায্য প্রার্থনা করুণ। ধাত্রী কেন্দ্র অনুষ্ঠান করিয়া নিজেদের অজ্ঞতা দূর করুণ। সরকার বাহাতুর আপনাদের টাকার কিছু অংশ এজন্য আজ ১০৷১২ বৎসর ব্যয় করিতেছেন। স্বাস্থ্য কর্মচারিগণ প্রতি সহরে ও গ্রামে গ্রামে এই অনুষ্ঠান প্রতিষ্ঠার জন্ম আপনাদের দরজায় যাইয়া উপস্থিত হইতেছেন। তাঁহাদের নিকট সকল বিষয় জানিতে পারিবেন।

প্রত্যেক গ্রামে অন্ততঃ ১০।১২ জন মাতা গ্রাম্য অশিক্ষিতা ধাত্রীদের লইয়া মিলিত হইয়া ধাত্রী কৈন্দ্রে শিক্ষা লাভ করিবার চেষ্টা করুন। আপনাদের জন্ম স্থাচিকিৎসক প্রতি সপ্তাহে একদিন ধাত্রীবিভাও শিশু পালন সম্বন্ধে সকল সংবাদ গ্রাম্য ভাষায় ছবি ও ডামির সাহায্যে

বুঝাইয়া দিবেন। প্রসবকালে ছাত্রিগণকে তথায় ভাকিয়া শিক্ষা দিবার ব্যবস্থা করিবেন। গ্রামের ধাত্রীদের ডাকিয়া আনিয়া তাহাকে শিক্ষা দিবার ব্যবস্থা করুন। তবেই বুঝিবেন আপনারা দেশের বা সমাজের ও জাতির কত কল্যাণ সংঘটন করিতে পারেন। ক্রমে এইরূপ ৫।৭টী গ্রাম লইয়া মাতৃমঙ্গল কেন্দ্রের অনুষ্ঠান করুণ। এই অনুষ্ঠানে উপযুক্ত শিক্ষিতা ধাত্রীর দ্বারা প্রসব সংক্রান্ত প্রত্যেক বিষয় ভাল করিয়া শিক্ষা করুন,—তবেই দেশের ও জাতির প্রকৃত মঙ্গল। এইরূপ কেন্দ্রে রেডক্রেস্ সোসাইটী প্রভূত সাহায্য করিয়া থাকেন। আপনার জেলার বা সহরের হেলথ অফিসার মহাশয়ের নিকট আবেদন করিলেই সকল বিষয় জানিতে পারিবেন।

প্রায় ৫ বংসর পূর্বের সর্ব্বপ্রথম বাঙ্গলা দেশে রেডক্রস সোসাইটীর সাহায্য গ্রহণ করিয়া ৫টী স্থানে শিশুমঙ্গল কেন্দ্র স্থাপিত হয়। তন্মধ্যে ফরিদপুর জেলায় শিবচর পল্লিস্বাস্থ্য কেন্দ্রের অধীন বরমগঞ্জে একটী স্থাপিত হইয়াছে। উহার কার্য্য পদ্ধতি লোকের মন আকর্ষণ করিয়াছে এবং এ অঞ্চলের ধাত্রীগণ শিক্ষা প্রাপ্ত হইয়া সমাজকে নিয়মিত ভাবে সেবা করিয়া ধন্ম জ্ঞান করিতেছে।

সম্প্রতি কোন জেলার সিভিল সার্জন চিকিৎ-সক সন্মিলনীর এক অধিবেশনে প্রকাশ করেন, যে স্বাস্থ্য বিভাগের ডিরেক্টর ধাত্রি কেন্দ্র খোলার ব্যবস্থা করিয়া লোকের চোখে ধূলী নিকেপ করিয়াছেন। প্রত্যুত্তরে তাঁহাকে বলা হয়, যে গত ইং ১৯২০ সনের পূর্কেব দেশের মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর যে ভয়াবহ অবস্থা দৃষ্টিগোচর হইত, তাহা অপেকা বর্ত্তমানে যে কত্টা নিবারণ করা সম্ভব হইয়াছে, তাহা বিবেচনা করিলেই প্রত্যেক শিক্ষিত ব্যক্তি এই শিক্ষা পদ্ধতির প্রয়োজনীয়তা বুঝিতে পারিবেন। অবশ্য প্রত্যেক জেলায় একজন ধাতীবিদ্যায় অভিজ্ঞ লেডি হেল্থ্ ভিজিটর নিযুক্ত করিয়া ঐ সকল শিক্ষা-কেন্দ্রে যদি অস্তঃ ৬ মাস কাল অবস্থান করিয়া প্রসব কালে ঐ ধাতীদের শিক্ষা দিবার ব্যবস্থা


করা হয়, তবে প্রকৃতই প্রভৃত কল্যান করা সস্তব। এইরূপ ব্যবস্থার জন্য ফুরিদপুর জেলা বোর্ডের ভূতপূৰ্ক চেয়ারম্যান স্থনাম ধন্য খান বাহাছ্র আলিসজ্জমান চৌধুরী বি, এ; এম্ এল্-সি, তাঁহার মৃত্যুর কিছু পূর্বেওএ বিষয় লইয়া স্বাস্থ্য বিভাগের ডিরেক্টর বাহাত্বরের দৃষ্টি আকর্ষণ করিতে কোন প্রকার ত্রুটী করেন নাই। ব্যবস্থাপক সভায় এ বিষয়ের আলোচনা উত্থাপন করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন, তুর্ভাগ্য ক্রমে গত ২৬শে নবেম্বর তাঁহার মৃত্যু ঘটায়, এ বিষয়ে আর কোন চেষ্টা হয় নাই। প্রম পিতার কুপায় যদি কোন সভ্য এই বিষয় ব্যবস্থাপক সভায় আলোচনার স্থুযোগ প্রদান করেন, তবে বর্তমান মন্ত্রী সার বিজয়প্রসাদ সিংহ মহাশয় অবশাই এ বিষয় খুব যত্ন লইবেন, দেশ ও সমাজ তাহার নিকট এ আশা করে। দেশবাসীর কর্ত্ব্যান্থ্যায়ী কার্য্য পদ্ধতি পরিবর্ত্তিত হইলে বাঙ্গলা দেশ অন্য প্রদেশ অপেক্ষা এ বিষয় অগ্রগামী হইবে সন্দেহ নাই।

কলিকাতা সহরে অবস্থিত সরোজ নলিনী

নারীমঙ্গল সমিতির প্রচারক ও প্রচারিকাগণ সম্প্রতি প্রতি গ্রামে সভাসমিতি স্থাপন করিয়া এই আন্দোলনকৈ সাহায্য করিতেছেন। কিন্তু বর্ত্তমানে এই প্রকারের চেপ্তা খুব বেশী হওয়া প্রয়োজন তাহা প্রত্যেকেই প্রাণে প্রাণে অনুভব করিতেছেন। পরিতাপের বিষয় দেশবাসী, জেলা বোর্ড ও গভর্ণমেন্ট এ বিষয় যেমন চেপ্তা করিতেছেন তদপেক্ষা বেশী চেপ্তা করা প্রয়োজন হইয়াছে। এজন্য সকল প্রকার প্রচেপ্তা করা প্রত্যেক অধি-বাসীর কর্ত্ব্য।

বর্ত্তনানে জন্মশাসন করার জন্ম পাশ্চান্তা দেশের ক্যায় ভারতবর্ষেও থুব সাড়া পড়িয়া গিয়াছে। এজন্য অনেকেই নানা প্রকারের মতবাদ প্রচার আরম্ভ করিয়াছেন। অতএব চিকিৎসক সম্প্রদায়ের উপর অতি গুরুভার অর্পিত হইয়াছে। এই সকল বিষয় শিক্ষা দিবার ব্যবস্থাও কোন কোন স্থানে মাতৃসঙ্গল ও শিশুসঙ্গল প্রতিষ্ঠান সমূহের মার্কতে চালাইবার ব্যবস্থাও হইতেছে। অতএব এবিষয়ে পৃথকভাবে আলোচনা করা একান্ত প্রয়োজন

বোধে, নারীজীবন নামক পুস্তক এবারে পৃথক-ভাবে প্রকাশিত হইল। য়াহারা এই সকল বিষয় অবগত হইতে ইচ্ছুক, তাহারা ঐ পুস্তক পাঠ করিয়া কতকটা শিক্ষা করিতে পারিবেন। এই পুস্তক সাধারণের নিকট বিক্রয় করার ইচ্ছা নাই, তবে শিক্ষণীয় বিষয় যাহারা অবগত হইতে ইচ্ছুক তাহারা সম্পাদক, মনোসমীক্ষণ সমিতি, ফরিদপুর, এই ঠিকানায় পত্র লিখিলেই ডাকযোগে প্রাপ্ত হইবেন। বর্ত্তমান সময়ের প্রগভী সম্পন্ন নারীর কত্তব্য নির্দ্ধারণ করার সাহায্যার্থেই এইরূপ পুস্তক লিখিত হইল। উহা পাঠে সমাজের আবর্জনাও কলঙ্কের পরিমাণ প্রসমিত হইলেই গ্রন্থকার তাহার প্রম সার্থক ও নিজকে ধন্য মনে করিবেন।



ডা: এ, কে, সরকার, এম, বি ; ডি, পি, এইচ,

<u>—কুত—</u>

প্রত্যেক শিক্ষিতা নারীর অবগ্য পাঠ্য— ১। নারী জীবন (২য় সংস্করণ) यूका ४॥० ২। প্রস্থতি পরিচর্য্যাও শিশু পালন (২য় সংস্করণ) (উত্তম বাঁধাই) मृला २、 প্রত্যেক নরনীরীর অবশ্য পাঠ্য---৩। ওলাউঠা রোগের প্রতিকার ও চিকিৎসা (পরিবর্দ্ধিত ২য় সংস্করণ) भूका ५१० '৪। বদন্তরোগের প্রতিকার ও চিকিৎসা (টীকা আইনসহ) ৩য় সংস্কয়ণ (য্নুস্থ) भूला ১ শংক্রামক রোগ ও তাহার প্রতিকার মূল্য ৵৹ ৬। মাতৃজাতির জাগরণ ও শিশুমৃঙ্গল 平利 人。 (ষষ্ঠ সংস্করণ)

मृना ।०

মূল্য ৴。

৭। ম্যালেরিয়া রোগে চিকিৎসা বিভাট

৮। ম্যালেরিয়ার প্রতিকার

ও প্রতিকার

পীঠ্য পুস্তক:-

ন। পল্লী স্বাস্থ্য বিজ্ঞান (৩য় ও চতুর্থ শ্রেণীর পাঠ্য) মূল্য ।৴০
১০। সরল স্বাস্থ্য বিজ্ঞান (৩য় ও চতুর্থ শ্রেণীর পাঠ্য) মূল্য ।৴০
১১। স্বাস্থ্য দোপান ১ম ভাগ
১২। ঐ ২য় ভাগ (৫ম ও ৬ৡ শ্রেণীর পাঠ্য) মূল্য ॥০
১৩। ঐ ৩য় ভাগ (৭ম ও ৮ম শ্রেণীর পাঠ্য) মূল্য ॥০
১৪। স্বাস্থ্যতন্ত্র (ম্যাটি কুলেশন পরীক্ষার জন্য) মূল্য ১৮০
১৫। দেশী ঔষধের গুণাগুণ (যন্ত্রস্থ্য)

বিশেষ দ্রস্তুবা :—উপরোক্ত পুস্তকগুলির আয় গ্রন্থকার-প্রতিষ্ঠিত নালী হরকুমার দাতব্য চিকিৎসালয় ও সংস্কৃত্ব তপোবন বিভালয়ে ব্যক্সিত হয়। ম্যালেরিয়া নিবারণী সমিতি, নারীমঙ্গল সমিতি ও স্বাস্থ্য বিভাগের কর্মিচারিগণ এই পুস্তক ক্রয় করিলে টাকার চার আনা কম মূল্যে প্রাপ্ত হুইবেন। এজন্য তাহারা প্রকাশকের নিকট আবেদন কর্মন।